অদ্য সর্ব্বান্ হনিষ্যামি শত্রূন্ সমরমূর্দ্ধনি ॥ ১৫ ॥
পুত্রাশ্চ[৩] তে মহাবীর্য্যা মেঘনাদপুরোগমাঃ।
ন তেষাং মুচ্যতে কশ্চিদপি মৃত্যুর্ব্বরাননে ॥ ১৬ ॥

১৩। লো-টী। সুমহদ্ যথা।
১৪। লো-টী। সুখানামুদয়ো যস্মাৎ তৎ।
১৫। লো-টী। রণাজিরং রণভূমিম্।
১৬। লো-টী। তেষাং সকাশাৎ হন্তাদিত্যর্থঃ। কশ্চিদপি মৃত্যুঃ শত্রুঃ।

হে প্রিয়ে, রাম বিশাল সমুদ্র বন্ধন করিয়া, কাননসমন্বিত লঙ্কানগরী অবরুদ্ধ করিয়া, বড় বড় রাক্ষসদিগকে নিহত করিয়া এক্ষণে সন্ধিস্থাপন করিবে কেন? ॥ ১৩ ॥

হে সুন্দরি, আমি কখনও সন্ধি করিতে ইচ্ছা করি না। তুমি যাও, বিশ্বাস কর, এই সমস্তই [পরিণামে] সুখাবহ ॥ ১৪ ॥

মনে মনে সন্তাপ করিও না, আমি রণক্ষেত্রে গমন করিব এবং অদ্য সম্মুখ-সমরে সমস্ত শত্রুকে নিহত করিব ॥ ১৫ ॥

হে সুন্দরি, তোমার মেঘনাদ প্রভৃতি পুত্রগণও মহাবীর্য্যশালী। তাহাদের নিকট হইতে কেহই এমন কি সাক্ষাৎ কৃতান্তও মুক্তি পাইতে পারে না ॥ ১৬ ॥

১। ছ 'সেতুনা সাগরং তীর্ত্ত্বা'। ২। ছ 'সান্ প্র-'। ৩। ছ 'মে'

অন্তঃপুরায় গচ্ছ ত্বং সুখিনী ভব সম্মুষা।
[১]
এবমুক্ত্বা পরিষ্বজ্য ভার্য্যাং প্রীতিমনা ইব ॥ ১৭ ॥
[২]
প্রবিবেশ তদা দেবী স্বয়ং চ ভবনং শুভম্।

চিন্তয়ামাস তদ্ ঘোরং বিগ্রহং সমুপস্থিতম্ ॥ ১৮ ॥

রাবণস্তু ততো বাক্যং রাক্ষসানিদমব্রবীৎ।
[৩]
কল্প্যতাং মে রথঃ শীঘ্রং ক্ষিপ্রমানীয়তাং ততঃ ॥ ১৯ ॥
[৪]
অদ্য ক্রোধং বিমোক্ষ্যামি নিগূঢ়ং হৃদয়ে শয়ম্।
[৫]
দেবাসুরে যথা পূর্ব্বং দেবতা নিহতা যুধি ॥ ২০ ॥

১৮। লো-টী। তদ্ বিগ্রহং যুদ্ধম্। বিগ্রহং কায়বিস্তারে বিভাগে না রণেঽস্ত্রিয়ামিতি কোষঃ।

২০। লো-টী। নিগূঢ়ং গুপ্তং, দেবাসুরে যুদ্ধে রুদ্রেণ নিগূঢ়ঃ ক্রোধঃ যথা অন্ধকে মুক্তঃ, তদা নিহতে, শিতাস্তীক্ষ্ণাঃ।

তুমি অন্তঃপুরে গমন কর এবং পুত্রবধূদের সহিত সুখে অবস্থান কর।" এই বলিয়া রাবণ মন্দোদরীকে আলিঙ্গন করিয়া যেন কিঞ্চিৎ প্রীতিলাভ করিলেন ॥ ১৭ ॥

তখন মন্দোদরী স্বয়ং গৃহে গমন করিলেন এবং উপস্থিত সেই ভীষণ যুদ্ধের কথা চিন্তা করিতে লাগিলেন ॥ ১৮ ॥

তার পর রাবণ রাক্ষসদিগকে এই কথা বলিলেন—"সত্বর আমার রথ সুসজ্জিত কর এবং তার পর সত্বর [উহা] আনয়ন কর ॥ ১৯ ॥

আজ আমি হৃদয়াভ্যন্তরে বিলীন নিগূঢ় ক্রোধকে প্রকাশিত করিব। পূর্ব্বে দেবাসুর-সংগ্রামে যেমন দেবগণ নিহত হইয়াছে [আজ সেইরূপ রাম আমার নিকট নিহত হইবে] ॥ ২০ ॥

১। ছ 'প্রীতমনা'। ২। ছ 'স্বমেব' ৩। ছ 'ধনুঃ'। ৪। ছ 'কোপং'। ৫। ছ '-তোঽন্তকঃ'।

ময়া[1] বীর্য্যেণ মহতা দেবরাজশ্চ নির্জ্জিতঃ।
চিরকালস্থিতং[2] হ্যেতদ্ যুদ্ধং মে রাঘবেণ চ ॥ ২১ ॥
অদ্য তূণীশয়া বাণা নির্মুক্তা ইব পন্নগাঃ।
রামং সমভিধাবন্তু বিষাগ্নিপ্রতিমাঃ শিতাঃ ॥ ২২ ॥
সুতেজিতৈ[3] রুক্মপুঙ্খৈস্তৈলধৌতৈর্হিরণ্ময়ৈঃ।
শরীরং দীপয়িষ্যে[4]ঽহমুল্কাভিরিব[5] কুঞ্জরম্ ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে রাবণবাক্যং নাম
চতুস্ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৪ ॥

২৩। লো-টী সুতেজিতৈঃ সুষ্ঠু শানিতৈঃ রুক্মপুঙ্খৈর্বাণৈঃ শরীরং শরীরাণি মমানুজান্ বিভীষণেন সহ বর্ত্তমানান্ লঙ্কামতিক্রান্তান্ পার্শ্বমুপগতাংশ্চ রাঘবৌ চ গৃহ্য গৃহীত্বা সোঽহং দীপয়িষ্যে ইতি পূর্ব্বক্রিয়ান্বয়ঃ ॥

লঙ্কাকাণ্ডে রাবণবাক্যং নাম ॥

আমি মহাবীর্য্য-প্রভাবে দেবরাজকে পরাজিত করিয়াছি। দীর্ঘকাল পরে এই আমার রামের সহিত যুদ্ধ উপস্থিত হইয়াছে ॥ ২১ ॥

আজ আমার তূণগর্ভশায়ী বিষ, অগ্নি ও সর্পতুল্য তীক্ষ্ণ বাণসমূহ নির্মুক্ত হইয়া রামের প্রতি ধাবিত হউক ॥ ২২ ॥

আমি উল্কাদ্বারা হস্তীর ন্যায় উত্তমরূপে শাণিত সুবর্ণপুঙ্খ তৈলধৌত স্বর্ণ-নির্ম্মিত শরদ্বারা শত্রু-শরীর উদ্দীপ্ত করিব (জ্বালাইয়া দিব)" ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে রাবণবাক্য-নামক
৩৪শ সর্গ সমাপ্ত ॥ ৩৪ ॥

১। ছ অস্য পূর্ব্বার্দ্ধং নাস্তি। ২। ছ 'কালে'। ৩। ছ 'সতেজসৈব কাকুৎস্থং তৈল-'। ৪। ছ '-রাদীপ-' (?)।
৫। ছ অতঃ পরং 'বানরান্ সুবহূন্ গৃহ্য রাঘবেণ প্রণোদিতান্। মহাজবান্ হনিষ্যামি মম পার্শ্বমুপাগতান্॥ ইত্যধিকম্।

(৩৫) পঞ্চত্রিংশঃ সর্গঃ

স এবমুক্ত্বা জ্বলনপ্রকাশং
রথং তুরঙ্গোত্তমরাজযুক্তম্[১]।
প্রকাশমানং বপুষা বরেণ[২]
সমারুরোহামররাজশত্রুঃ[৩] ॥ ১ ॥

স শঙ্খভেরীপটহপ্রণাদৈ-
রাক্ষ্বেড়িতাস্ফোটিতসিংহনাদৈঃ।
পুণ্যৈঃ স্তবৈশ্চাপ্যভিপূজ্যমান-[৪]
স্তদাযযৌ রাক্ষসরাজমুখ্যঃ ॥ ২ ॥

১। লো-টী। তুরগোত্তমানাং বাজেন বায়ুবেগেন যুক্তম্। 'বাজঃ পক্ষৌ স্বনে রয়ে' ইতি ভূরি০। তুরঙ্গোত্তমরাজিযুক্তমিতি পাঠে তুরঙ্গোত্তমানাং রাজ্যা শ্রেণ্যা যুক্তং, বারণশ্রেষ্ঠেন বপুষা বিশিষ্টঃ।

(লো টী।) অতিবলেন অতিশয়সৈন্যেন। সম্যগুদীর্ণঃ জাতঃ মন্যুর্দৈন্যং দুঃখঞ্চ যস্য তম্।

২। লো-টী। আক্ষ্বেড়িতং রক্ষসাং সামান্যধ্বনিঃ। আস্ফোটিতং বাহুধ্বনিঃ, সিংহনাদশ্চ যোধানাং, তৈঃ পুণ্যৈঃ মনোজ্ঞৈঃ।

উত্তম শরীর দ্বারা শোভমান দেবরাজ-শত্রু রাবণ এই কথা বলিয়া উত্তম অশ্বযুক্ত অগ্নির ন্যায় দীপ্যমান রথে আরোহণ করিলেন ॥ ১ ॥

তখন শ্রেষ্ঠ রাক্ষসরাজ রাবণ শঙ্খ, ভেরী ও পটহধ্বনি, [রাক্ষসদের] গর্জ্জন, বাহ্বাস্ফোট ও সিংহনাদ এবং পবিত্র স্তব দ্বারা সম্মানিত হইয়া যাত্রা করিলেন ॥ ২ ॥

১। ছ 'রাজি-'। ২। ছ 'পদ্মৈণ'। ৩। ছ অতঃ পরম্ 'আরুহ্য তং বাণশতৈঃ সমেতং দিব্যৈস্তথা রাক্ষসরাজপুত্রৈঃ। যযৌ তদাযোধনমুগ্রবীর্য্যো বেগেন রোষস্য বলেন চৈব॥ তমেকবীরং সমুদীর্ণমন্যুং নিশাচরেন্দ্রং সুবিবৃদ্ধকোপম্। তদানুজগ্মুর্গিরিরাজকল্পা রক্ষোগণাঃ সংযুক্তা জাতহর্ষাঃ' ॥ ইত্যধিকম্। ৪। ছ '-যুজ্যা-'।

সশৈলজীমূতনিকাশকায়ৈ-

মাংসাশনৈঃ পাবকদীপ্তনেত্রৈঃ[1] ।

বভৌ[2] বৃতো রাক্ষসযোধমুখ্যৈ-

র্ভূতৈর্বৃতো রুদ্র ইবামরেশঃ ॥ ৩ ॥

ততো নগর্য্যাঃ সহসা মহৌজা

নিষ্ক্রম্য তদ্বানরসৈন্যমুগ্রম্ ।

সমুদ্যতং পাদপশৈলহস্তং

মহার্ণবাম্ভস্তনিতং দদর্শ ॥ ৪ ॥

তদ্রাক্ষসানীকমতিপ্রকাণ্ডম্[3]

আলোক্য রামোঽমরতুল্যরূপঃ ।

বিভীষণং[4] শস্ত্রভৃতাং বরিষ্ঠম্

উবাচ শৈলাগ্রগতো[5] মহাত্মা ॥ ৫ ॥

৩। লো-টী। শৈলজীমূতেতি ক্বচিৎ পাঠঃ। নীলজীমূতেতি পাঠে জীমূতো মেঘঃ। পাবকদীপ্তনেত্রৈঃ। ক্বচিৎ পাবকনেত্রদীপ্তৈরিতি পাঠে বিশেষণস্য পরনিপাতঃ। বলৈঃ সৈন্যৈঃ।

৪। লো-টী। মহার্ণবাম্ভস্তনিতং মহার্ণবাম্ভস ইব স্তনিতং গর্জ্জিতং যস্য তৎ।

৫। লো-টী। শৈলাগ্রগতঃ সুবেলাগ্রগতঃ।

রাবণ অগ্নিতুল্য-নেত্রবিশিষ্ট মেঘ ও পর্ব্বতপ্রমাণ দেহধারী শ্রেষ্ঠ রাক্ষস-যোদ্ধৃবৃন্দে পরিবেষ্টিত হইয়া ভূত-পরিবৃত দেবাদিদেব মহাদেবের ন্যায় শোভা পাইতে লাগিলেন—॥ ৩ ॥

তার পর মহাবলশালী রাবণ নগর হইতে বহির্গত হইয়া মহাসমুদ্রের ন্যায় গর্জ্জন-নিরত পাদপ ও পর্ব্বতধারী সেই সমুদ্যত ভীষণ বানর-সৈন্য দর্শন করিলেন ॥৪॥

দেবতুল্য রূপবান্ পর্ব্বতাগ্রসমারূঢ় মহাত্মা রামচন্দ্র সেই অতিবিশাল

১। ছ 'তুল্য-'। ২। ছ 'বলৈর্বৃ-'। ৩। ছ 'প্রচণ্ডম্'। ৪। ছ 'ধর্ম্ম-'। ৫। ছ '-তঃ পৃথ্বীঃ'।

নানাপতাকাধ্বজশস্ত্রজুষ্টং[১]

প্রাসাসিশূলাশনিচক্রজুষ্টম্[২] ।

কস্যেদমক্ষোভ্যমভীরু সৈন্যং

নাগেন্দ্ররাজোপমরাজজুষ্টম্[৩] ॥ ৬ ॥

ততঃ স রামস্য বচো নিশম্য

বিভীষণঃ শক্রসমানবীর্য্যঃ[৪][৫] ।

শশংস রামায় বলপ্রবীরান্

দুরাসদান্ রাক্ষসপুঙ্গবাংস্তান্ ॥ ৭ ॥

যোঽসৌ গজস্কন্ধগতো মহাত্মা

নবোদিতার্কোপমতাম্রচক্ষুঃ[৬] ।

প্রকম্পয়ন্ নাগশিরোঽভ্যুপৈতি

প্রবীরবাহুং তমবেহি[৭] রাজন্ ॥ ৮ ॥

৬। লো-টী। নাগেন্দ্ররাজ ঐরাবতঃ তদ্বন্মাসৈর্মার্গে(?)জুষ্টম্।

৭। লো-টী। শক্রসমানবুদ্ধিঃ, 'শুক্রসমানবুদ্ধি'রিতি ক্বচিৎ। বলপ্রবীরান্ সৈন্য-প্রকৃষ্ট-বীরান্।

৮। লো-টী। প্রকম্পয়ন্ পৃথিবীমিতি শেষঃ।

রাক্ষস-সৈন্য অবলোকন করিয়া শস্ত্রধারীদিগের মধ্যে শ্রেষ্ঠ বিভীষণকে বলিলেন—॥ ৫ ॥

বজ্রের ন্যায় প্রাস, অসি, শূল ও চক্রধারী বহু পতাকা ও ধ্বজপরিশোভিত দেবরাজের ন্যায় কোনও রাজার পরিচালনাধীন এই দুর্দ্ধর্ষ নির্ভীক সৈন্য কাহার ? ॥ ৬ ॥

তার পর রামের কথা শুনিয়া ইন্দ্রতুল্য বীর্য্যবান্ বিভীষণ তাঁহার নিকট সেই বাহিনীর মধ্যবর্ত্তী প্রধান প্রধান দুর্দ্ধর্ষ রাক্ষসদের পরিচয় দিতে লাগিলেন—॥ ৭ ॥

হে রাজন্, ঐ যে মহাত্মা হস্তিপৃষ্ঠে সমারূঢ়, যাঁহার চক্ষুঃ নবোদিত সূর্য্যের

১। ছ '-দৃপ্তং'। ২। ছ '-হস্তম্' ৩। ক '-নাগ-'। ৪। ছ 'শুক্র-'। ৫। ছ '-বুদ্ধিঃ'। ৬। ছ '-নেত্রঃ'। ৭। ছ '-বৈহি'।

যোঽসৌ রথস্থো মৃগরাজকেতু-

ধূ র্ন্বন্ ধনুঃ শক্রধনুঃপ্রকাশম্।

করীব ভাত্যুগ্রবিবৃত্তদংষ্ট্রঃ

স ইন্দ্রজিদ্রাক্ষসরাজপুত্রঃ ॥ ৯ ॥

যশ্চৈষ বিন্যস্ত ইবেন্দ্রকল্পো

ধন্বী রথস্থোঽতিরথোঽতিবীরঃ।

বিস্ফারয়ন্[১] বৈ ধনুরুগ্রনাদম্

এষোঽতিকায়োঽতিবিবৃদ্ধকায়ঃ ॥ ১০ ॥

৯। লো-টী। মৃগরাজঃ সিংহঃ ধুন্বন্ কম্পয়ন্ করীব মত্তহস্তীব, উগ্রা উচ্চা ভয়ানকাঃ বিবৃত্তাঃ প্রকাশিতা দংষ্ট্রা যস্য সঃ।

১০। লো-টী। ইন্দ্রকল্পঃ ইন্দ্রতুল্য ইব বিন্যস্তঃ কৃতঃ বিধাত্রেতি শেষঃ। যদ্বা, রাবণে বিন্যস্তঃ ন্যাসবৎ স্থাপিতঃ। বিবৃণোতি প্রকাশতে, চাপং বিস্ফারয়ন্ চাপস্য শব্দং কুর্ব্বন্। 'বিস্ফারো ধনুষাং ধ্বনি'রিতি রত্নমালা।

ন্যায় এবং যিনি হস্তীর মস্তক কম্পিত করিতে করিতে আসিতেছেন, তাঁহাকে 'প্রবীর-বাহু' বলিয়া জানুন ॥ ৮ ॥

ঐ যিনি রথারূঢ়, যাঁহার পতাকা সিংহচিহ্নিত, যিনি ইন্দ্রধনুর ন্যায় শোভাময় ধনুক কম্পিত করিতে করিতে উগ্রদংষ্ট্রা-বিবৃতকারী হস্তীর ন্যায় শোভা পাইতেছেন, তিনি রাক্ষসরাজপুত্র ইন্দ্রজিৎ ॥ ৯ ॥

আর ঐ যে রথারূঢ় ধনুর্দ্ধর মহারথী, যিনি ভয়ানক শব্দবিশিষ্ট ধনুক বিস্ফারিত করিতেছেন এবং যাঁহার শরীর অতিমাত্রায় বর্দ্ধিত, ইনি মহাবীর অতিকায় ॥ ১০ ॥

১। ছ '-য়ংশ্চাপমচিন্ত্যনাদম্'।

যোঽসৌ নবার্কোপমতাম্রচক্ষু-
রারুহ্য ঘণ্টানিনদপ্রণাদম্[১]।
খরং খরং গর্জতি বৈ দুরাত্মা
মহোদরো নাম স এষ বীরঃ ॥ ১১ ॥

[২]যোঽসৌ হয়ং কাঞ্চনচিত্রভাণ্ডম্
আরুহ্য সন্ধ্যাভ্রঘনপ্রকাশম্।
প্রাসং সমুদ্যম্য মরীচিনদ্ধং
[৩]পিশাচ এযোঽশনিতুল্যবেগঃ ॥ ১২ ॥

যশ্চৈষ কালানলতুল্যবেগঃ
খড়্গী ধনুষ্মান্ কবচী কিরীটী।
গজেন্দ্রমাস্থায় গিরিপ্রকাশং
খরাত্মজোঽয়ং মকরাক্ষনামা ॥ ১৩ ॥

১১। লো-টী। খরং গর্দ্দভং, খরং দারুণম্।

১২। লো-টী। কাঞ্চনময়চিত্রং নানাবিধং ভাণ্ডমলঙ্করণং যস্য তম্। 'ভাণ্ডং পাত্রে বণিঙ্মূলধনে ভূষাশ্বভূষয়ো'রিতি কোষঃ। সন্ধ্যাভ্রগিরিঃ সন্ধ্যাভ্রযুক্তো গিরিস্তৎপ্রকাশং প্রাসং মরীচিনদ্ধং স্বদীপ্ত্যা যুক্তং সমুদ্যম্য গৃহীত্বা গর্জতি ইতি পূর্ব্বক্রিয়াসম্বন্ধঃ। এবমন্যত্র।

১৩। লো-টী। কালানলঃ প্রলয়কালবহ্নিঃ, তত্তুল্যবেগঃ।

ঐ যাহার চক্ষুঃ নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ, যে দুরাত্মা ঘণ্টাধ্বনির ন্যায় চীৎকারনিরত গর্দ্দভে আরোহণ করিয়া কর্কশ গর্জ্জন করিতেছে, এই বীরের নাম মহোদর ॥ ১১ ॥

ঐ যিনি বিচিত্র সুবর্ণালঙ্কারে অলঙ্কৃত সান্ধ্য মেঘের ন্যায় রক্তবর্ণ অশ্বে আরোহণ করিয়া প্রভামণ্ডিত প্রাস উদ্যত করিয়াছেন—বজ্রতুল্য বেগশালী ইঁহার নাম পিশাচ ॥ ১২ ॥

আর এই যিনি কালানলতুল্য বেগবান্, খড়্গ, ধনুক, কবচ ও কিরীটধারী,

১। ছ '-দপ্রমাণম্'। ২। ছ 'যোঽয়ং'। ৩। ছ-ট 'নরান্তকাখ্যো-'।

যশ্চৈষ চাপাসিশরৌঘজুষ্টং

পতাকিনং পাবকতুল্যরূপম্।

রথং সমাস্থায় বিভাত্যুদগ্রো

নরান্তকোঽয়ং নগশৃঙ্গযোধী ॥ ১৪ ॥

[১]যশ্চৈষ নানাবিধঘোররূপৈ-

র্ব্যাঘ্রোষ্ট্রনাগেন্দ্রমৃগেন্দ্রবক্ত্রৈঃ।

ভূতৈর্বৃতোঽভ্যেতি বিবৃত্তনেত্রৈঃ

সোঽয়ং সুদংষ্ট্রো বিজিতারিসূনুঃ ॥ ১৫ ॥

যশ্চৈষ ঘোরং বহুবজ্রজুষ্টং

সকাঞ্চনং পাবকতুল্যরূপম্।

শূলং সমুদ্যম্য বিভাতি বেগাদ্

দেবান্তকোঽসৌ নরসিংহযোধী ॥ ১৬ ॥

১৪। লো-টী। উদগ্রং মহৎ যথা তথা ভাতি, নগশৃঙ্গং পর্ব্বত-শৃঙ্গমপি যোদ্ধুং সংহর্ত্তুং শীলমস্য।

১৫। লো-টী। ব্যাঘ্রাদীনামাস্যানীব যানি আস্যানি তৈর্যুক্তৈর্ভূতৈঃ, মধ্যপদলোপী সমাসঃ। বিবৃত্তনেত্রৈঃ বিশেষেণ বৃত্তানি বর্ত্তুলানি নেত্রাণি যেষাং তৈঃ। বিজিতারিসূনুঃ বিজিতারেঃ কস্যচিদ্রাক্ষসস্য সূনুঃ। রাবণস্য বা। 'বিজিতাশ্বসূনুঃ' ইতি বা পাঠঃ।

১৬। লো-টী। বহুবজ্রজুষ্টং বজ্রো হীরকং, নির্ঘাতীতি পাঠে আগচ্ছতি।

যিনি পর্ব্বততুল্য হস্তীর উপর সমারূঢ়, ইনি খরের পুত্র, ইঁহার নাম মকরাক্ষ ॥ ১৩ ॥

আর এই যে ভীষণ ব্যক্তি খড়্গ ও ধনুর্ব্বাণযুক্ত পতাকাশোভিত অগ্নিবর্ণ রথে আরোহণ করিয়া বিরাজ করিতেছে, পর্ব্বতশৃঙ্গদ্বারা যুদ্ধপরায়ণ এই ব্যক্তির নাম নরান্তক ॥ ১৪ ॥

আর এই যিনি নানাবিধ ভীষণাকৃতি ব্যাঘ্র, উষ্ট্র, হস্তী ও সিংহের ন্যায় মুখবিশিষ্ট ঘূর্ণিতাক্ষ ভূতবৃন্দে পরিবেষ্টিত হইয়া আগমন করিতেছেন, ইনি 'বিজিতারি'র পুত্র সুদংষ্ট্র ॥ ১৫ ॥

হে নরসিংহ! এই যে ভীষণাকৃতি ব্যক্তি বহু হীরক ও কাঞ্চন-সমন্বিত

১। ছ-পুস্তকে ইতঃ শ্লোকত্রয়ং নাস্তি।

[১]যশ্চৈষ শূলং নিশিতং প্রগৃহ্য
বিদ্যুৎপ্রভং কিঙ্কিণিবজ্রজুষ্টম্ ।
[২]নাগেন্দ্রমাস্থায় গিরিপ্রকাশম্
আয়াতি সোঽয়ং ত্রিশিরাস্তরস্বী ॥ ১৭ ॥
[৩]অয়ং তু জীমূতনিকাশরূপঃ
কুম্ভঃ প্রতিব্যূঢ়[৪]সুজাতবক্ষাঃ ।
সমাহিতঃ পন্নগরাজকেতু-
বিস্ফারয়ন্ ভাতি ধনুর্ধনুষ্মান্ ॥ ১৮ ॥
যশ্চৈষ জাম্বূনদবজ্রজুষ্টং
দীপ্তং[৫] সুঘোরং পরিঘং প্রগৃহ্য ।
আয়াতি রক্ষোবলকেতুভূতো
[৬]নিকুম্ভ এষোঽদ্ভুতঘোরকর্ম্মা ॥ ১৯ ॥

১৭। লো-টী। কিঙ্কিণীতি হ্রস্বত্বমার্ষম্ ।
১৮। লো-টী। প্রতিব্যূঢ়ম্ অতিপৃথুলং সুজাতং সুন্দরং বক্ষো যস্য সঃ।
১৯। লো-টী। অত্রাপি এষোঽদ্ভুতঘোররূপ ইতি বাক্যান্তরম্ ।

অগ্নিপ্রভ শূল সবেগে উত্তোলিত করিয়া বিরাজমান, ঐ যোদ্ধার নাম 'দেবান্তক' ॥১৬॥

আর এই যিনি কিঙ্কিণী ও হীরকযুক্ত বিদ্যুৎপ্রভ শাণিত শূল গ্রহণ করিয়া পর্ব্বততুল্য হস্তিপৃষ্ঠে আরোহণপূর্ব্বক বেগে আগমন করিতেছেন, ইঁহার নাম ত্রিশিরাঃ ॥ ১৭ ॥

এই যিনি মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ, যাঁহার বক্ষঃস্থল অতি বিশাল ও সুন্দর, যাঁহার কেতু পন্নগরাজচিহ্নিত, যে ধনুষ্মান্ একাগ্র হইয়া ধনুক বিস্ফারিত করত বিরাজ করিতেছেন, ইঁহার নাম 'কুম্ভ' ॥ ১৮ ॥

এই যিনি সুবর্ণ ও হীরকখচিত অতিভীষণ পরিঘ গ্রহণ করিয়া আগমন

১। ছ 'য এষ'। ২। ছ 'গজেন্দ্র-'। ৩। ছ 'অসৌ তু'। ৪। ছ 'পৃথুব্যূহ-'। ৫। ছ 'সধূমং'। ৬। ছ 'সোঽসৌ নিকুম্ভোঽদ্ভুতভীমকর্ম্মা'। অতঃ পরং 'যশ্চৈষ চাপাসিবরৌঘজুষ্টং পতাকিনং পাবকতুল্যরূপম্। রথং সমাস্থায় বিভাত্যুদগ্রং নরান্তকোঽয়ং নগশৃঙ্গযোধী ॥ যশ্চৈষ কালানলতুল্যরূপঃ খড়্গী ধনুষ্মান্ কবচী কিরীটী। গজেন্দ্রমাস্থায় গিরিপ্রকাশং খরস্বনোঽয়ং মকরাক্ষনামা ॥ যশ্চৈষ নানাবিধতুল্যরূপৈর্ব্যাঘ্রোষ্ট্রনাগেন্দ্রমুখাশ্বযুক্তৈঃ। দূতৈর্ব্বৃতো ভাতি বিবৃত্তনেত্রৈঃ সোঽয়ং সুদংষ্ট্রো বিজিতাশ্বসূনুঃ ॥ যশ্চৈষ ঘোরং বহুবজ্রযুক্তং সকাঞ্চনং পাদপদীপ্তরূপম্। শূলং সমুদ্যম্য সমেতি বেগাদ্দেবান্তকশ্চৈষ নগেন্দ্রযোধী'। ইত্যধিকম্।

যত্রৈতদিন্দুপ্রতিমং বিভাতি
ছত্রং সিতং রুক্মশলাকমগ্র্যম্।
অত্রৈষ রক্ষোঽধিপতির্মহাত্মা
ভূতৈর্বৃতো রুদ্র ইবাভ্যুপৈতি ॥ ২০ ॥

যোঽসৌ কিরীটী[1] জ্বলনোজ্জ্বলাস্যো
মহেন্দ্রবিন্ধ্যোপমভীমরূপঃ[2]।
মহেন্দ্রবৈবস্বতদর্পহন্তা
রক্ষোঽধিপঃ সোঽয়মুপৈতি হৃষ্টঃ ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে রাবণানীকদর্শনং নাম
পঞ্চত্রিংশঃ সর্গঃ ॥ ৩৫ ॥

২০। লো-টী। সিতং শুক্লং রুক্মময়ী শলাকাকাষ্ঠী যত্র তৎ। শলাকা শল্য-মদনসারিকা-শল্লকীষু চ। ছত্রাদিকাষ্ঠীশরয়ো'রিতি কোষঃ। অগ্র্যং শ্রেষ্ঠম্।

২১। লো-টী। জ্বলনবৎ বহ্নিবৎ উজ্জ্বলানি আস্যানি যস্য সঃ। মহেন্দ্রঃ পর্ব্বতঃ, মহেন্দ্রঃ শক্রঃ। এতদনন্তরং কুত্রচিৎ সর্গো নাস্তি ॥* ॥

শ্রীলোকনাথ চক্রবর্ত্তিকৃতায়াং লঙ্কামনোহরায়াং রাবণানীকদর্শনম্ ॥ ৩৭ ॥

করিতেছেন, ইনি নিকুম্ভ ; ইনি অতিভীষণ ও অদ্ভুতকর্ম্মা, ইনি রাক্ষসসৈন্যের কেতুস্বরূপ (নেতৃস্থানীয়) ॥ ১৯ ॥

যে রথে এই সুবর্ণশলাকাযুক্ত চন্দ্রের ন্যায় শুভ্র সুন্দর ছত্র শোভা পাইতেছে, ইহাতে মহাত্মা রাক্ষসরাজ ভূতপরিবৃত রুদ্রের ন্যায় আগমন করিতেছেন ॥ ২০ ॥

ঐ যিনি কিরীটধারী, যাঁহার মুখমণ্ডল অগ্নির ন্যায় উজ্জ্বল, যাঁহার আকৃতি বিন্ধ্য ও মহেন্দ্রপর্ব্বতের ন্যায় ভীষণ, ইনিই ইন্দ্র ও যমের দর্পহারী রাক্ষসরাজ রাবণ সানন্দে আগমন করিতেছেন ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে রাবণসৈন্যদর্শন-
নামক ৩৫শ সর্গ সমাপ্ত ॥ ৩৫ ॥

১। ছ 'চলকুণ্ডলাস্যো'। ২। ছ '-তুল্য-'।

(৩৬) ষট্‌ত্রিংশঃ সর্গঃ

বিভীষণবচঃ শ্রুত্বা রাবণং[১] প্রতি ভাষিতম্।
প্রত্যুবাচ ততো রামো বিভীষণমিদং[২] বচঃ ॥ ১ ॥

অহো দীপ্তো মহাতেজা রাবণো রাক্ষসাধিপঃ।
আদিত্য ইব দুষ্প্রেক্ষ্যো রশ্মিভির্ভাতি বীর্য্যবান্[৩] ॥ ২ ॥

ন ব্যক্তং লক্ষ্যতে চাস্য রূপং তেজঃসমন্বিতম্।
দৈত্যদানববীরাণাং[৪] বপুরেবংবিধং কিল ॥ ৩ ॥

যাদৃশং রাক্ষসেন্দ্রস্য বপুরেতদ্বিরাজতে।
তথৈবাস্যানুগাস্তুল্যাঃ পুত্রাঃ পৌত্রাস্তথানুজাঃ[৫] ॥ ৪ ॥

১। লো-টী। রাক্ষসং রাবণং প্রতি।

৩। লো-টী। রূপং রূপবচ্ছরীরম্। এবংবিধম্ এতাদৃশং বপুঃ দেবদানববীরাণাং মধ্যে কিল নিশ্চিতং ন লক্ষয়ে ন দৃষ্টবান্ অস্মি। সুব্যক্তমিতি পাঠে দেবাদীনাং যদ্বপুঃ এবংবিধমস্যাপি সুব্যক্তং স্পষ্টং রূপং লক্ষয়ে পশ্যামি।

৪। লো-টী। অস্যানুগাদয়ঃ শরীরক্রমেণ তুল্যা অনুজা জ্ঞাতিভ্রাতরঃ।

রাবণের বিষয়ে বিভীষণের উক্ত বাক্য শ্রবণ করিয়া রাম প্রত্যুত্তরে বিভীষণকে এই কথা বলিলেন—॥ ১ ॥

অহো! মহাতেজস্বী বীর্য্যবান্ রাক্ষসরাজ কিরণমালামণ্ডিত প্রদীপ্ত আদিত্যের ন্যায় দুষ্প্রেক্ষ্যরূপে প্রতিভাত হইতেছেন ॥ ২ ॥

তেজঃপ্রভাবে ইঁহার আকৃতি সম্যক্ লক্ষিত হইতেছে না। দৈত্য ও দানববীরদিগের শরীর প্রায়শঃই এইরূপ ॥ ৩ ॥

রাক্ষসরাজের এই শরীর যেরূপ, ইঁহার অনুচরবর্গ এবং পুত্র, পৌত্র ও অনুজবৃন্দও তদনুরূপ ॥ ৪ ॥

১। ছ 'রাক্ষসং'। ২। ছ '-ষণমরিন্দমঃ'। ৩। ছ 'রাক্ষসঃ'। ৪। ছ 'দেব-'। ৫। ছ '-নুগাঃ'।

সর্ব্বে পর্ব্বতসঙ্কাশাঃ সর্ব্বে বিক্রান্তযোধিনঃ।[1]
সর্ব্বে দীপ্তায়ুধধরা যোধাশ্চাস্য মহৌজসঃ ॥ ৫ ॥
ভাতি রাক্ষসরাজোঽয়ং প্রদীপ্তৈর্ভীমবিক্রমৈঃ।
যোধৈঃ[2] পরিবৃতো ভূতৈর্[3]দেহবদ্ভিরিবান্তকঃ ॥ ৬ ॥
এবমুক্ত্বা ততো রামো ধনুরাদায় বীর্য্যবান্।
লক্ষ্মণানুচরস্তস্থৌ সমুদ্ধৃত্য শরোত্তমান্ ॥ ৭ ॥
ততঃ স রক্ষোঽধিপতির্মহাত্মা রক্ষাংসি তান্যাহ মহাবলানি।
দ্বারেষু পুর্য্যা গৃহগোপুরেষু সুনির্[4]বৃতাস্তিষ্ঠত নির্ব্বিশঙ্কাঃ ॥ ৮ ॥
স এবমুক্ত্বা ত্রিদশেন্দ্রশক্ররুদ্যম্য চাপং সশরং প্রদীপ্তম্[5]।
ব্যদারয়দ্বানরসাগরৌঘং মহাঝষঃ পূর্ণমিবার্ণবৌঘম্ ॥ ৯ ॥

৬। লো-টী। যমকালয়োঃ সমানা প্রভা দীপ্তির্যেষাং তৈঃ। 'দেহবদ্ভিরিবান্তক' ইতি পাঠে দেহবদ্ভির্ব্যাধিভিরিতি শেষঃ।

৭। লো-টী। সমুদ্ধৃত্য গৃহীত্বা, সংগৃহ্যেতি পাঠঃ।

৯। লো-টী। বানরসাগরৌঘং বানরসাগরবেগং ব্যদারয়ৎ অবর্ত্তয়ৎ মহাঝষো মহামীনো রাঘব ইব।

মহাবলশালী রাবণের যোদ্ধৃবৃন্দ সকলেই পরাক্রান্ত যোদ্ধা, সকলেই পর্ব্বত-প্রমাণ এবং সকলেই প্রদীপ্ত-আয়ুধধারী ॥ ৫ ॥

এই রাক্ষসরাজ ভীষণ-পরাক্রান্ত তেজস্বী যোদ্ধৃবৃন্দে পরিবৃত হইয়া মূর্ত্তিমান্ ভূতবৃন্দে পরিবৃত কৃতান্তের ন্যায় শোভা পাইতেছেন ॥ ৬ ॥

এই বলিয়া তার পর বীর্য্যবান্ রামচন্দ্র লক্ষ্মণের সহিত ধনুক গ্রহণ করিয়া উত্তম শরসমূহ উত্তোলনপূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন ॥ ৭ ॥

তারপর রাক্ষসরাজ মহাত্মা রাবণ সেই মহাবলশালী রাক্ষসদিগকে বলিলেন —তোমরা গৃহদ্বার ও পুরদ্বারসমূহে নিঃশঙ্ক হইয়া সাবধানে অবস্থান কর ॥ ৮ ॥

দেবরাজ ইন্দ্রের শত্রু রাবণ এই বলিয়া প্রদীপ্ত ধনুর্ব্বাণ উত্তোলিত করিয়া

১। ছ 'পর্ব্বত-'। ২। ছ 'শূরৈঃ'। ৩। ছ 'যোধৈর্যমকালপ্রচোদিতঃ'। ৪। ছ 'স্থানেষলং তিষ্ঠত'। ৫। ছ 'সুদী-'।

তমাপতন্তং সহসা নিরীক্ষ্য দীপ্তেষুচাপং যুধি রাক্ষসেন্দ্রম্।

ততো হরীশঃ [১] সমুপাজগাম তং রাবণং যোদ্ধুমতিপ্রচণ্ডঃ [২] ॥ ১০ ॥

বলাৎ সমুৎপাট্য মহীধরাগ্রং দুদ্রাব রক্ষোঽধিপতিং হরীশঃ।

[৩] তং শৈলমগ্রং বহুবৃক্ষসানুং প্রগৃহ্য চিক্ষেপ স রাবণায়

তমাপতন্তং প্রসমীক্ষ্য রাজা বিভেদ বাণৈর্যমদণ্ডকল্পৈঃ ॥ ১১ ॥

তস্মিন্ প্রবৃদ্ধোত্তমশৃঙ্গবৃক্ষে [৪] শৈলে বিদীর্ণে বহুচিত্রসানৌ।

মহাহিকল্পং শরমুগ্রবেগং [৫] সমাদদে রাক্ষসসৈন্যনাথঃ [৬] ॥ ১২ ॥

১০। লো-টী। দীপ্তা ইষবশ্চাপঞ্চ যস্য তম্ অতিপ্রকাশং জাজ্বল্যমানম্।

১১। লো-টী। মহীধরাগ্রং পর্ব্বতশ্রেষ্ঠং, বহবো বৃক্ষাঃ সানুষু যস্য তম্, রাবণায় রাবণং হন্তুম্।

১২। লো-টী। প্রবৃদ্ধানি উত্তমানি শৃঙ্গাণি বৃক্ষাশ্চ যস্য তস্মিন্, বহূনি চিত্রাণি আশ্চর্য্যাণি সানুষু যস্য তস্মিন্।

বিশালকায় মৎস্য যেমন পরিপূর্ণ সমুদ্রপ্রবাহকে বিদারিত করে, সেইরূপ সেই বানরসমুদ্রের প্রবাহকে বিদারিত করিলেন ॥ ৯ ॥

প্রদীপ্ত-ধনুর্ব্বাণধারী রাক্ষসরাজ রাবণকে সহসা যুদ্ধে ধাবিত দেখিয়া অতি প্রচণ্ড বানররাজ সুগ্রীব যুদ্ধার্থে সমাগত হইলেন ॥ ১০ ॥

সুগ্রীব বলপূর্ব্বক একটি শ্রেষ্ঠ পর্ব্বত উৎপাটিত করিয়া রাক্ষসরাজ রাবণের প্রতি ধাবিত হইলেন। সেই পর্ব্বতের সানুদেশে বহু বৃক্ষ ছিল। সুগ্রীব সেই বিশাল পর্ব্বতটি ধারণ করিয়া রাবণের দিকে নিক্ষেপ করিলেন। রাবণ সেই পর্ব্বতটীকে পতিত হইতে দেখিয়া যমদণ্ডতুল্য বাণদ্বারা তাহা খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন ॥ ১১ ॥

বহু বিচিত্র সানু এবং বিশাল বিশাল শৃঙ্গ ও বৃক্ষসমন্বিত সেই পর্ব্বত বিদীর্ণ হইলে রাক্ষসসৈন্যের অধিনায়ক [রাবণ] মহাসর্পতুল্য উগ্রবেগশালী শর গ্রহণ করিলেন ॥ ১২ ॥

১। ছ 'সহসা জগাম'। ২। ছ '-প্রকাশম্'। ৩। ছ 'তচ্ছৈল-'। ৪। ছ '-বৃক্ষষণ্ডে'। ৫। ছ '-বীর্য্যং'। ৬। ছ '-যূথপেন্দ্রঃ'।

স তং গৃহীত্বানিলতুল্যবেগং সবিস্ফুলিঙ্গং জ্বলনপ্রকাশম্।[1]
বাণং মহেন্দ্রাশনিতুল্যবেগং চিক্ষেপ রাজা হরিযূথপায় ॥ ১৩ ॥

স সায়কো রাবণবাহুমুক্তঃ শক্রাশনিপ্রখ্যবপুঃ শিতাগ্রঃ।
সুগ্রীবমাসাদ্য বিভেদ বেগাদ্ গুহেরিতা ক্রৌঞ্চমিবোগ্রশক্তিঃ ॥ ১৪ ॥

স সায়কার্ত্তো[2] বিপরীতচেতাঃ কূজন্[3] ব্যথার্ত্তো নিপপাত ভূমৌ।
তং প্রেক্ষ্য[4] ভূমৌ পতিতং বিসংজ্ঞং নেদুঃ প্রহৃষ্টা যুধি যাতুধানাঃ ॥১৫॥

ততো গবাক্ষো গবয়ঃ সুদংষ্ট্রো মৈন্দো নলো জ্যোতিমুখো[5]ঽঙ্গদশ্চ।
শিলাঃ সমুৎপাট্য বিবৃদ্ধকায়াঃ[6] প্রদুদ্রুবুস্তং প্রতি রাক্ষসেন্দ্রম ॥১৬॥

১৩। লো-টী। অনিলতুল্যবেগং বায়ুতুল্যবেগম্।

১৪। লো-টী। শক্রাশনিপ্রখ্যবপুঃ শক্রবজ্রতুল্যাকারঃ শিতাগ্রঃ শাণিতাগ্রঃ। বিভেদ বিদারয়ামাস। গুহেরিতা কার্ত্তিকেয়প্রেরিতা উগ্রশক্তিঃ ক্রৌঞ্চং পর্ব্বতং যথা ব্যদারয়ৎ।

১৫। লো-টী। আর্ত্তঃ কূজন্ কুথন্ নিপপাত।

১৬। লো-টী। জ্যোতিশব্দ ইদন্তঃ হল্‌লোপো বা ইতি বিমলবোধঃ। 'প্রদুদ্রুবুস্তং প্রতী'তি পাঠঃ। 'সমাহ্বয়ন্তং যুধি' ইতি কচিৎ পাঠঃ।

সেই রাবণ সেই বায়ুতুল্য বেগশালী ও ইন্দ্রের বজ্রের ন্যায় বেগশালী অগ্নির ন্যায় স্ফুলিঙ্গযুক্ত শরটী বানরদলপতির উপর নিক্ষেপ করিলেন ॥ ১৩ ॥

কার্ত্তিকেয়ের নিক্ষিপ্ত ভীষণ শক্তি যেমন ক্রৌঞ্চপর্ব্বত বিদারিত করিয়াছিল, ইন্দ্রের বজ্রের ন্যায় শাণিত অগ্রভাগযুক্ত রাবণবাহুনিক্ষিপ্ত সেই শর সেইরূপ বেগে সুগ্রীবকে বিদারিত (ক্ষতবিক্ষত) করিল ॥ ১৪ ॥

সুগ্রীব শরাঘাতে কাতর হইয়া বেদনায় আর্ত্তনাদ করিতে করিতে অচেতন হইয়া ভূতলে পতিত হইলেন। তাঁহাকে সংজ্ঞাহীন-ভাবে ভূতলে পতিত হইতে দেখিয়া যুদ্ধক্ষেত্রে রাক্ষসগণ সানন্দে গর্জ্জন করিতে লাগিল ॥ ১৫ ॥

তার পর বিশালকায় গবয়, গবাক্ষ, সুদংষ্ট্র, মৈন্দ, নীল, জ্যোতিমুখ ও অঙ্গদ শিলা উৎপাটিত করিয়া সেই রাক্ষসরাজের প্রতি ধাবিত হইলেন ॥ ১৬ ॥

১। ছ '-স্বাশনি-'। ২। ছ 'শায়-'। ৩। ছ '-ন্ হরীন্দ্রো'। ৪। ছ 'বীক্ষ্য'। ৫। ক 'জ্যোতির্ম্মুখোঽ-'। ৬। ছ '-কোপাঃ'।

[১]তেষাং প্রহারান্ স চকার মোঘান্ রক্ষোঽধিপো বাণশতৈঃ শিতাগ্রৈঃ
তান্ বানরেন্দ্রানপি বাণজালৈর্বিভেদ জাম্বূনদচিত্রপুঙ্খৈঃ ॥ ১৭ ॥
তে বানরেন্দ্রাস্ত্রিদশারিবাণৈর্ভিন্না নিপেতুর্ভুবি ভীমরূপাঃ।
ততস্তু তদ্বানরসৈন্যমুগ্রং [২]সন্তাড়য়ামাস স বাণজালৈঃ ॥ ১৮ ॥
তে বধ্যমানাশ্চ[৩] কৃতার্ত্তনাদা ভয়েন শোকেন চ বিহ্বলাঙ্গাঃ।
শাখামৃগা রাবণসায়কার্ত্তা জগ্মুঃ শরণ্যং শরণং স্ম রামম্ ॥ ১৯ ॥
ততো মহাত্মা স ধনুর্ধনুষ্মান্ আদায় রামঃ সহসা জগাম।
তং লক্ষ্মণঃ প্রাঞ্জলিরভ্যুপেত্য প্রোবাচ বাক্যং পরমার্থযুক্তম্ ॥ ২০ ॥

১৭। লো-টী। মোঘা ব্যর্থাঃ, বিভেদ দারয়ামাস।

[লো-টী।] নানাক্রমাভাঃ নানাক্রমৈরাভান্তীতি তথা, নানাক্রমাণাং রক্তশুক্লাদীনামিব আভা দীপ্তির্যেষাং তে ইতি বা। ভয়সংনিরুদ্ধা ভয়ব্যাপ্তাঃ, স্বস্বভয়শল্যবিদ্ধা ইতি বা পাঠঃ।

১৯। লো-টী। শরণ্যং শরণাগতপালকম্।

২০। লো-টী। পরমার্থযুক্তং সেবকে তিষ্ঠতি রাজ্ঞা ন যুদ্ধ্যত ইতি যঃ পরমার্থস্তদ্যুক্তম্।

রাক্ষসরাজ রাবণ শাণিত-অগ্রভাগযুক্ত শত শত বাণদ্বারা তাহাদিগের প্রহারকে ব্যর্থ করিলেন এবং সেই শ্রেষ্ঠ বানরদিগকেও সুবর্ণচিত্রিত পুঙ্খদেশযুক্ত শরজালে ক্ষতবিক্ষত করিলেন ॥ ১৭ ॥

সেই ভীষণাকৃতি শ্রেষ্ঠ বানরগণ রাবণের শরপ্রহারে ক্ষতবিক্ষত হইয়া ভূতলে পতিত হইলেন। তার পর রাবণ সেই ভীষণ বানরসৈন্যগণকে শরজালে সন্তাড়িত করিতে লাগিলেন ॥ ১৮ ॥

ভয়ে ও শোকে প্রহৃত বানরগণের গাত্র বিকল হইয়া পড়িল, তাহারা রাবণের শরাঘাতে কাতর হইয়া আর্ত্তনাদ করিতে করিতে শরণাগতপালক রামচন্দ্রের শরণাপন্ন হইল ॥ ১৯ ॥

তার পর সেই ধনুর্দ্ধর মহাত্মা রামচন্দ্র সহসা ধনুক গ্রহণ করিয়া গমন করিতে

১। ছ 'শিলাশ্চ তেষাং প্রচকার মোঘাঃ'। ২। ছ 'প্রচ্ছাদয়ামাস'। ৩। ছ '-নাঃ পতিতাগ্রশূরা আবিধ্যমানা ভয়শল্যবিদ্ধাঃ'।

অহমার্য্য সুপর্য্যাপ্তো বধায়াস্য দুরাত্মনঃ।
বধিষ্যাম্যহমেবৈনমনুজানীহি মাং বিভো[1] ॥ ২১ ॥[2]

মম শক্ররিপোশ্চৈব সংবিমর্দো ভবত্বয়ম্।
অদ্য পশ্যন্তু ভূতানি পরিভূতং ময়া রিপুম্ ॥ ২২ ॥

ততোঽব্রবীন্মহাতেজা রামঃ সত্যপরাক্রমঃ।
গচ্ছ ত্বং বচনং চেদং নিবোধ মম লক্ষ্মণ ॥ ২৩ ॥

রাবণো হি মহাবীর্য্যো[3] রণেঽদ্ভুতপরাক্রমঃ।
ত্রৈলোক্যেনাপি সংক্রুদ্ধো দুষ্প্রধৃষ্যো[4] ন সংশয়ঃ ॥ ২৪ ॥

২১। লো-টী। সুপর্য্যাপ্তঃ সুষ্ঠু শক্তঃ, 'পর্য্যাপ্তঞ্চ যথেষ্টে স্যাৎ তৃপ্তৌ শক্তে নিবারণে' ইতি কোষঃ। অনুজানীহি মাং মহ্যমাজ্ঞাং দেহীত্যর্থঃ।

২২। লো-টী। অয়ং সংবিমর্দ্দঃ সংগ্রামঃ।

২৪। লো-টী। সংক্রুদ্ধশ্চেৎ ত্রৈলোক্যেনাপি দুষ্প্রধৃষ্যঃ প্রধর্ষয়িতুং লঙ্ঘয়িতুমশক্যঃ।

উদ্যত হইলেন, লক্ষ্মণ কৃতাঞ্জলিপুটে তাঁহার সম্মুখীন হইয়া অতীব অর্থপূর্ণ বাক্য বলিলেন—॥ ২০ ॥

হে আর্য্য, এই দুরাত্মাকে বধ করিতে আমিই যথেষ্ট। হে প্রভো, আদেশ করুন, আমিই ইহাকে বধ করিব ॥ ২১ ॥

আমার ও ইন্দ্রশত্রু রাবণের এই যুদ্ধ সংঘটিত হউক, আজ সর্ব্বভূত অবলোকন করুক—আমি শত্রুকে পরাভূত করিয়াছি ॥ ২২ ॥

তার পর যথার্থ-পরাক্রমশালী মহাতেজস্বী রাম বলিলেন—"লক্ষ্মণ, তুমি গমন কর এবং আমার এই কথা শোন—॥ ২৩ ॥

রাবণ মহাবীর, যুদ্ধে তাহার অদ্ভুত পরাক্রম, সে ক্রুদ্ধ হইলে [সম্মিলিত সমস্ত] ত্রৈলোক্যবাসীর পক্ষেও দুর্দ্ধর্ষ, সন্দেহ নাই ॥ ২৪ ॥

১। ছ 'হনিষ্যা-'। ২। ছ 'প্রভো'। ৩। ছ '-বাহুর্মহাকায়ো মহাধনুঃ'। ৪। ছ 'দুর্দ্ধর্ষো বৈ'।

তস্য চ্ছিদ্রাণি মার্গস্ব স্বচ্ছিদ্রাণ্যভিরক্ষ চ।
চক্ষুষা ধনুষা চৈব রক্ষাত্মানং সমাহিতঃ ॥ ২৫ ॥
রাঘবস্য বচঃ শ্রুত্বা সংপ্রহৃষ্টতনূরুহঃ।
অভিবাদ্য ততো রামং যযৌ সৌমিত্রিরাহবম্ ॥ ২৬ ॥
স রাবণং বারণহস্তবাহুং[১] দদর্শ দীপ্তোদ্যতভীমচাপম্।
প্রচ্ছাদয়ন্তং শরবৃষ্টিজালৈস্তান্ বানরান্ বাণবিভিন্নদেহান্ ॥২৭॥
তমালোক্য মহাতেজা হনূমান্ মারুতাত্মজঃ।
ভ্রংশয়ন্ শরজালানি প্রত্যগচ্ছৎ স রাবণম্ ॥ ২৮ ॥
রথং তস্য সমাসাদ্য বাহুমুদ্যম্য[২] দক্ষিণম্[৩]।
ত্রাসয়ন্ রাবণং ধীমান্ হনূমান্ বাক্যমব্রবীৎ ॥ ২৯ ॥

২৫। লো-টী। মার্গস্ব অন্বেষয়, সমাহিতঃ সাবহিতঃ।

[২৬ ?] লো-টী। রামায় রামম্।

২৭। লো-টী। দীপ্তমুজ্জ্বলমুদ্যতং গৃহীতং ভীমং ভয়ানকং কার্ম্মুকং যস্য তম্। পূর্ব্ব-বাণবিভিন্নদেহান্ পুনঃ প্রচ্ছাদয়ন্তম্।

২৮-২৯। লো-টী। ভ্রংশয়ন্ নাশয়ন্, সমাসাদ্য প্রাপ্য। তোত্রং কশাম্ আচ্ছিদ্য বলাদ্ গৃহীত্বা।

তাহার ছিদ্র অনুসন্ধান করিও এবং নিজের ছিদ্র গোপন করিও। খুব সাবধানে চক্ষুঃ ও ধনুকদ্বারা আত্মরক্ষা করিও" ॥ ২৫ ॥

রামের কথা শুনিয়া লক্ষ্মণের শরীর রোমাঞ্চিত হইল, তিনি রামকে অভিবাদন করিয়া যুদ্ধে গমন করিলেন ॥ ২৬ ॥

তিনি দেখিলেন—হস্তীর শুণ্ডের ন্যায় বাহুসমন্বিত রাবণ প্রদীপ্ত ভীষণ ধনুক উদ্যত করিয়া শরজালে সেই বানরদিগকে আচ্ছাদিত করিতেছেন এবং বানরদের শরীর ক্ষতবিক্ষত হইয়াছে ॥ ২৭ ॥

মহাতেজস্বী পবননন্দন হনুমান্ সেই রাবণকে দেখিয়া শরজাল নিবারিত করিয়া তাঁহার নিকটে আগমন করিলেন ॥ ২৮ ॥

বুদ্ধিমান্ হনুমান্ রাবণের রথে উপস্থিত হইয়া দক্ষিণবাহু উত্তোলন করত তাঁহাকে সন্ত্রাসিত করিয়া বলিতে লাগিলেন—॥ ২৯ ॥

১। ছ '-যূথমধ্যে'। ২। ছ 'তোত্র-'। ৩। ছ 'সারথেঃ'।

দেবদানবগন্ধর্ব্বা যক্ষাশ্চ সহ পন্নগৈঃ।
অবধ্যত্বাৎ ত্বয়া ভগ্না বানরেভ্যশ্চ[1] তে ভয়ম্ ॥ ৩০ ॥
তদদ্য দেবাঃ পশ্যন্তু সযক্ষোরগপন্নগাঃ[2]।
ত্বামদ্য ভগ্নং নিহতং বানরৈর্ভীমবিক্রমৈঃ ॥ ৩১ ॥
এষ মে দক্ষিণো বাহুঃ পঞ্চশাখঃ সমুদ্যতঃ।
নির্হরিষ্যতি তে দেহাদ্ ভূতাত্মানং চিরোষিতম্ ॥ ৩২ ॥
শ্রুত্বা হনূমতো বাক্যং রাবণো ভীমবিক্রমঃ।
সংরক্তনয়নঃ কোপাদিদং বচনমব্রবীৎ ॥ ৩৩ ॥
ক্ষিপ্রং প্রহর নিঃশঙ্কং স্থিরাং কীর্ত্তিমবাপ্নুহি।
বিক্রমঞ্চ বিদিত্বা তে নাশয়িষ্যামি[3] জীবিতম্ ॥ ৩৪ ॥

৩০। লো-টী। যে দেবাদয়স্তেষামবধ্যত্বাৎ তে ত্বয়া ভগ্না বিদ্রাবিতাঃ।
৩২। লো-টী। সমুদ্যতঃ সম্যগুদ্যোগবান্, ভূতাত্মানং প্রাণং জীবং বা।
৩৪। লো-টী। ক্ষিপ্রম্ আদৌ, স্থিরাং কীর্ত্তিমিতি সোপহাসবাক্যম্। বিদিত্বা পশ্চাৎ।

দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ ও পন্নগদিগকে তুমি পরাভূত করিয়াছ, কারণ, তুমি তাহাদের অবধ্য। কিন্তু, বানরদিগের কাছে তোমার ভয় আছে ॥ ৩০ ॥

সুতরাং আজ যক্ষ, উরগ, দেবতা ও রাক্ষসগণ অবলোকন করুন—'ভীষণ বিক্রমশালী বানরগণের হস্তে তুমি পরাভূত ও নিহত হইয়াছ' ॥ ৩১ ॥

এই আমার পঞ্চশাখাসমন্বিত দক্ষিণ বাহু উত্তোলিত হইয়াছে, ইহাই তোমার দেহ হইতে দীর্ঘদিনের অধিবাসী ভূতাত্মাকে নিষ্কাশিত করিবে ॥ ৩২ ॥

হনুমানের কথা শুনিয়া ভীষণ-বিক্রমশালী রাবণের চক্ষু ক্রোধে রক্তবর্ণ হইল, তিনি এই কথা বলিলেন—॥ ৩৩ ॥

তুমি নিঃশঙ্কভাবে সত্বর প্রহার করিয়া অবিনশ্বর কীর্ত্তি লাভ কর। তোমার পরাক্রম বিদিত হইয়া তোমার জীবন নাশ করিব ॥ ৩৪ ॥

১। ছ '-ভ্যস্ত্ব'। ২। '-রাক্ষসাঃ'। ৩। ছ 'ভ্রংশয়িষ্যামি'।

রাবণস্য বচঃ শ্রুত্বা বায়ুসূনুরভাষত।
প্রহৃতং[১] তে ময়া পূর্ব্বমক্ষং স্মর সুতং[২] তব ॥ ৩৫ ॥

এবমুক্তো মহাতেজা রাবণো রাক্ষসাধিপঃ।
আজঘানানিলসুতং তলেনোরসি বীর্য্যবান্ ॥ ৩৬ ॥

স তদা[৩] নিহতস্তেন মুহূর্ত্তং ব্যচলৎ কপিঃ।
আজঘান চ সংক্রুদ্ধস্তলেনৈবামরদ্বিষম্ ॥ ৩৭ ॥

তথা স তেনাভিহতো বানরেণ তরস্বিনা।
দশগ্রীবঃ সমুদ্ধূতো যথা ভূমিচলেঽচলঃ ॥ ৩৮ ॥

সংগ্রামে তু তদা দৃষ্ট্বা রাবণং তলতাড়িতম্[৪]।
ঋষয়শ্চারণাঃ সিদ্ধা নেদুর্দেবাশ্চ সাসুরাঃ ॥ ৩৯ ॥

৩৫। লো-টী। ভাবে ক্তঃ। তে ইতি কর্ম্মণি ষষ্ঠী বা, অক্ষং সুদয়তা ঘ্নতা ত্বং পূর্ব্বমেব প্রহৃত ইত্যর্থঃ।

৩৭। লো-টী। ব্যচলৎ অস্থিরোঽভবৎ।

৩৮। লো-টী। সমুদ্ধূতশ্চলিতঃ, ভূমিচলে ভূমিকম্পে।

রাবণের কথা শুনিয়া হনুমান্ বলিলেন, আমি তোমাকে পূর্ব্বেই প্রহার করিয়াছি, তোমার পুত্র অক্ষের কথা স্মরণ কর ॥ ৩৫ ॥

এই কথা বলিলে মহাতেজস্বী বীর রাক্ষসরাজ রাবণ বায়ুপুত্র হনুমান্‌কে বক্ষে চপেটাঘাত করিলেন ॥ ৩৬ ॥

তাঁহার প্রহারে হনুমান্ মুহূর্ত্তের জন্য বিচলিত হইলেন এবং তার পর ক্রুদ্ধ হইয়া অমরশত্রু রাবণকে চপেটাঘাত করিলেন ॥ ৩৭ ॥

ভূমিকম্পে পর্ব্বত যেমন কম্পিত হয়, বেগবান্ বানর হনুমানের সেই চপেটাঘাতে রাবণ সেইরূপ কম্পিত হইলেন ॥ ৩৮ ॥

তখন রাবণকে যুদ্ধে চপেটাঘাতে আহত দেখিয়া সিদ্ধ, ঋষি, চারণ, দেবতা ও অসুরগণ উল্লসিত হইলেন ॥ ৩৯ ॥

১। ছ 'বৃদ্ধং দত্তং'। ২। ছ 'সূদয়তা সুতম্'। ৩। ছ 'তথাভিহ-'। ৪। ছ 'তেন'।

অথাশ্বস্য মহাতেজা রাবণো বাক্যমব্রবীৎ।

সাধু বানর বীর্য্যং তে শ্লাঘনীয়োঽসি মে রিপুঃ ॥ ৪০ ॥

১

রাবণেনৈবমুক্তস্তু হনুমান্ বাক্যমব্রবীৎ।

মম বীর্য্যং ধিগস্ত্বেতদ্ যৎ ত্বং জীবসি রাবণ ॥ ৪১ ॥

২

সকৃৎ তু প্রহরেদানীং দুর্বুদ্ধে কিং বিকত্থসে।

৩

ততস্ত্বাং মামকো মুষ্টির্নয়িষ্যতি যমালয়ম্ ॥ ৪২ ॥

৪

তেন বানরবাক্যেন ক্রোধস্তস্য ব্যবর্দ্ধত।

৫

স ক্রোধাগ্নিপরীতাত্মা প্রজজ্বালেব রাবণঃ ॥ ৪৩ ॥

৪২। লো-টী। বিকত্থসে আত্মানং শ্লাঘয়সি। নেতা নেষ্যতি যমক্ষয়ং যমাবাসম্।

৪৩। লো-টী। প্রজজ্বালেব ইবশব্দ এবার্থে। 'প্রজজ্বাল চ রাবণ' ইতি ক্বচিৎ পাঠঃ।

রাবণ কিছুক্ষণ পরে প্রকৃতিস্থ হইয়া বলিলেন, বানর, তোমার পরাক্রম উত্তম, তুমি আমার শ্লাঘার যোগ্য শত্রু বটে ॥ ৪০ ॥

রাবণের এই কথায় হনুমান্ বলিলেন, হে রাবণ, ধিক্ আমার পরাক্রম, যেহেতু তুমি [এখনও] বাঁচিয়া আছ ॥ ৪১ ॥

হে দুর্ব্বুদ্ধে, কেন আর শ্লাঘা করিতেছ, একবার প্রহার করিয়া লও, তার পর আমার মুষ্টি (ঘুষি) তোমাকে যমালয়ে প্রেরণ করিবে ॥ ৪২ ॥

হনুমানের এই কথায় রাবণের ক্রোধ বর্দ্ধিত হইল, তিনি ক্রোধানলে পরিব্যাপ্ত হইয়া যেন প্রজ্বলিত হইয়া উঠিলেন ॥ ৪৩ ॥

১। ছ 'মারুতির্ব্বা-'। ২। ছ 'সকৃত্ত্ব'। ৩। ছ '-ষ্টিরপনেষ্যা'। ৪। ছ 'কোপ-' ৫। ছ '-জ্বাল চ'।

সংরক্তনয়নোঽত্যর্থং[১] মুষ্টিমুদ্যম্য দারুণম্[২]।
পাতয়ামাস বেগেন বানরোরসি বীর্য্যবান্[৩]॥ ৪৪ ॥

মুষ্টিনা[৪] তেন বিদ্ধস্তু বিসংজ্ঞো বিহ্বলোঽভবৎ।
হনূমান্ বক্ষসি ব্যূঢ়ে সংচচাল মহাকপিঃ ॥ ৪৫ ॥

বিসংজ্ঞং[৫] তু ততো দৃষ্ট্বা হনূমন্তং স রাবণঃ।
জবেনাতিরথঃ শীঘ্রং নীলং প্রতি সমাদ্রবৎ[৬]॥ ৪৬ ॥

সোঽন্তকপ্রতিমৈর্বাণৈঃ পরমর্ম্মবিভেদিভিঃ[৭]।
ক্ষিপ্রমাচ্ছাদয়ন্নীলং[৮] মৃধে হরিচমূপতিম্ ॥ ৪৭ ॥

স শরৌঘসমায়স্তো নীলো হরিচমূপতিঃ।
গিরিশৃঙ্গং সমুৎপাট্য রক্ষোঽধিপতয়েঽসৃজৎ ॥ ৪৮ ॥

৪৫। লো-টী। বিদ্ধস্তাড়িতঃ, বিহ্বলোঽবশঃ। ব্যূঢ়ে পৃথুলে অভবৎ সংচচাল চকম্পে চ।
৪৮। লো-টী। সমায়স্তঃ ক্লেশিতঃ।

তাঁহার চক্ষু অতিশয় রক্তবর্ণ হইল। তিনি দারুণ মুষ্টি উত্তোলন করিয়া হনুমানের বক্ষঃস্থলে প্রহার করিলেন ॥ ৪৪ ॥

মহাকপি হনুমান্ সেই মুষ্ট্যাঘাতে বিশাল বক্ষঃস্থলে প্রহৃত হইয়া বিকল ও অচেতন হইয়া ছট্‌ফট্ করিতে লাগিলেন ॥ ৪৫ ॥

তারপর মহারথী রাবণ হনুমান্‌কে অচেতন দেখিয়া সত্বর বেগে নীলের দিকে ধাবিত হইলেন ॥ ৪৬ ॥

তিনি যুদ্ধে পরমর্ম্মবিদারক অতুলনীয় শরজালে বানরসেনাপতি নীলকে দ্রুত আচ্ছাদিত করিয়া ফেলিলেন ॥ ৪৭ ॥

শরজালে পরিক্লিষ্ট বানরসেনাপতি নীল পর্ব্বতশৃঙ্গ উৎপাটিত করিয়া রাক্ষসরাজের প্রতি নিক্ষেপ করিলেন ॥ ৪৮ ॥

১। ছ 'সংবদ্ধনয়নো-'। ২। '-ণঃ'। ৩। ছ 'রাবণঃ'। ৪। ছ 'স তেনাভিহতো গাঢ়ং'। ৫। ছ 'বিহ্বলস্তু'। ৬। ছ 'সমভ্যগাৎ'। ৭। ছ '-র্ম্মাভিঘাতিভিঃ'। ৮। ছ '-মাদীপয়ামাস নীলং হরি-'।

হনূমানপি তেজস্বী সমাশ্বস্তো মহাবলঃ।
নীলেন সহ সংযুক্তং রাবণং প্রেক্ষ্য[১] বীর্য্যবান্ ॥ ৪৯ ॥

স রাবণবধার্থং তু ন চকার মতিং তদা।
নিরীক্ষমাণো যুদ্ধেপ্সুঃ সরোষমিদমব্রবীৎ ॥ ৫০ ॥

অন্যায়[২]ত ইদং যুদ্ধং ক্ষত্রধর্ম্মবিদা[৩] কৃতম্।
মামপাস্য যদন্যেন যুদ্ধং যুদ্ধবিশারদ ॥ ৫১ ॥

তদনাদৃত্য বচনং রাক্ষসাধিপতির্বলী।
ব্যদারয়দ্ গিরেঃ শৃঙ্গং নীলাস্তং সপ্তধা[৪] শরৈঃ ॥ ৫২ ॥

তদ্বিকীর্ণং[৫] গিরেঃ শৃঙ্গং দৃষ্ট্বা হরিচমূপতিঃ।
নীলোঽগ্নিরিব জজ্বাল স বীরঃ পরবীরহা ॥ ৫৩ ॥

৫২। লো-টী। নীলাস্তং নীলেন ক্ষিপ্তম্।
৫৩। লো-টী। বিকীর্ণং ছিন্নম্।

মহাবলশালী তেজস্বী হনুমান্‌ও প্রকৃতিস্থ হইয়া রাবণকে নীলের সহিত যুদ্ধনিরত দেখিয়া তাহাকে বধ করিবার অভিলাষ না করিয়া, যুদ্ধাভিলাষে তাহাকে নিরীক্ষণ করত সক্রোধে এই কথা বলিলেন—॥ ৪৯-৫০ ॥

হে যুদ্ধবিশারদ, তুমি ক্ষাত্রধর্ম্ম জানিয়াও যে আমাকে পরিত্যাগ করিয়া অন্যের সহিত যুদ্ধ করিতেছ, ইহা অন্যায় ॥ ৫১ ॥

বলশালী রাক্ষসরাজ সেই কথা উপেক্ষা করিয়া নীলের নিক্ষিপ্ত পর্ব্বতকে শরাঘাতে সপ্তখণ্ডে বিদারিত করিলেন ॥ ৫২ ॥

শত্রুবীরনিহন্তা বানরসেনাপতি বীর 'নীল' সেই পর্ব্বতশৃঙ্গ বিদারিত দেখিয়া অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিলেন ॥ ৫৩ ॥

১। ছ 'বীক্ষ্য'। ২। ছ '-যুক্ত'। ৩। ছ 'বিনা-'। ৪। ছ 'সপ্তভিঃ'। ৫। ছ '-র্ণ্যং'।

সোঽশ্বকর্ণান্ ধবান্[১] সালান্ সপ্তপর্ণাংশ্চ[২] পুষ্পিতান্।
অন্যাংশ্চ বিবিধান্ বৃক্ষান্ নীলশ্চিক্ষেপ সংযুগে ॥ ৫৪ ॥

স তানাপততঃ শীঘ্রং বৃক্ষাংশ্চিচ্ছেদ রাবণঃ।
নীলং চাভিজঘানাশু[৩] দর্শয়ন্[৪] হস্তলাঘবম্ ॥ ৫৫ ॥

সোঽভিবৃষ্টঃ[৫] শরৌঘেণ বেগেন[৬] চ মহাবলঃ।
হ্রস্বং কৃত্বাত্মনো দেহং ধ্বজাগ্রে নিপপাত হ ॥ ৫৬ ॥

পাবকাত্মজমালোক্য ধ্বজাগ্রে পর্য্যবস্থিতম্।
জজ্বাল রাবণঃ ক্রোধাৎ[৭] ততো নীলো ননাদ হ ॥ ৫৭ ॥

ধ্বজাগ্রে ধনুষশ্চাগ্রে কিরীটাগ্রে চ তং হরিম্।
সসুগ্রীবঃ[৮] সসৌমিত্রির্দৃষ্ট্বা রামোঽপি বিস্মিতঃ ॥ ৫৮ ॥

৫৫। লো-টী। অস্ত্রলাঘবম্ অস্ত্রশিক্ষায়াঃ শীঘ্রতাম্।
৫৮। লো-টী। বিস্মিতঃ বিশিষ্টং স্মিতং হাস্যং যস্য সঃ, জাতহাসো বভূবেত্যর্থঃ।

তিনি যুদ্ধে অশ্বকর্ণ, ধব, শাল, পুষ্পিত সপ্তপর্ণ এবং অন্যান্য বহুবৃক্ষ নিক্ষেপ করিতে লাগিলেন ॥ ৫৪ ॥

রাবণ হস্তের ক্ষিপ্রতা দেখাইয়া সেই সমস্ত নিক্ষিপ্ত বৃক্ষকে সত্বর ছেদন করিয়া ফেলিলেন এবং সত্বর নীলকে আঘাত করিলেন ॥ ৫৫ ॥

মহাবলশালী নীল শরধারায় অভিষিক্ত হইয়া নিজের শরীরকে ক্ষুদ্র (সংকুচিত) করিয়া বেগে রাবণের ধ্বজাগ্রে নিপতিত হইলেন ॥ ৫৬ ॥

তাঁহাকে ধ্বজাগ্রে অবস্থিত দেখিয়া রাবণ ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং নীলও গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৫৭ ॥

রাম, লক্ষ্মণ ও সুগ্রীব নীলকে রাবণের ধ্বজাগ্রে ধনুকের অগ্রে এবং কিরীটাগ্রে অবস্থিত দেখিয়া বিস্মিত হইলেন ॥ ৫৮ ॥

১। ছ 'বরান্'। ২। '-স্তু'। ৩। ছ 'চাপি-'। ৪। ছ '-য়ন্নস্ত্র-'। ৫। ছ '-বিদ্ধঃ' ৬। ছ 'মহাবলপরাক্রমঃ'। ৭। ছ 'কোপাৎ'। ৮। ছ 'সৌমিত্রিঃ সসুগ্রাবো দৃষ্ট্বা'।

রাবণোঽপি মহাসত্ত্বঃ কপিলাঘববিস্মিতঃ।

সম্ভ্রমাবিষ্টহৃদয়ো ন কিঞ্চিৎ প্রত্যপদ্যত ॥ ৫৯ ॥

তত উচ্চুক্রুশুর্হৃষ্টা লব্ধলক্ষ্যাঃ প্লবঙ্গমাঃ।

নীললাঘবসম্ভ্রান্তং দৃষ্ট্বা রাবণমাহবে ॥ ৬০ ॥

বানরাণাং প্রণাদেন সংক্রুদ্ধো রাবণস্তদা।

অস্ত্রমাহারয়ামাস দীপ্তমাগ্নেয়মুত্তমম্ ॥ ৬১ ॥

আগ্নেয়েনাথ সংযুক্তং গৃহীত্বা রাবণঃ শরম্।

ধ্বজমূর্দ্ধ্নি স্থিতং নীলমুদৈক্ষত[১] নিশাচরঃ ॥ ৬২ ॥

৫৯। লো-টী। মহাসত্ত্বঃ মহাবলোঽপি কপিলাঘববিস্মিতঃ কপেঃ সকাশাদ্‌যৎ লাঘবং লঘুতা তেন বিস্মিতঃ বিগতস্মিতঃ। সম্ভ্রমং ভয়মাবিষ্টং হৃদয়ং যস্য সঃ। প্রত্যপদ্যত ন কিঞ্চিৎ কিমপি কর্ত্তুং নাশক্নোদিত্যর্থঃ।

৬০। লো-টী। লব্ধং লক্ষ্যং ছিদ্ররূপং যৈস্তে। নীললাঘবসম্ভ্রান্তম্ উদ্বিগ্নম্।

৬১। লো-টী। আগ্নেয়মস্ত্রম্ আগ্নেয়মন্ত্রম্ আবাহয়ামাস সস্মার।

৬২। লো-টী। আগ্নেয়েন মন্ত্রেণ।

মহাবলশালী রাবণও বানরের ক্ষিপ্রতায় বিস্মিত হইলেন এবং বিভ্রান্ত হইয়া [সহসা] কিছুই করিয়া উঠিতে পারিলেন না ॥ ৫৯ ॥

বানরগণ একটা লক্ষ্য করিবার মত বিষয় পাইল, তাহারা নীলের ক্ষিপ্রতায় রাবণকে যুদ্ধে বিভ্রান্ত হইতে দেখিয়া আনন্দে উচ্চৈঃস্বরে চীৎকার করিতে লাগিল ॥ ৬০ ॥

তখন বানরদিগের চীৎকারে রাবণ ক্রুদ্ধ হইয়া প্রদীপ্ত উত্তম আগ্নেয়াস্ত্রের আহরণ (আবাহন) করিলেন ॥ ৬১ ॥

অনন্তর নিশাচর রাবণ অগ্নিমন্ত্রে অভিমন্ত্রিত শর গ্রহণ করিয়া ধ্বজাগ্রে অবস্থিত নীলের প্রতি ঊর্দ্ধদিকে দৃষ্টিপাত করিলেন ॥ ৬২ ॥

১। ছ '-লং ত্বদৈ-'

ততোঽব্রবীন্মহাতেজা রাবণো রাক্ষসাধিপঃ।

কপে লাঘবযুক্তোঽসি মায়য়া পরয়া যুতঃ॥ ৬৩॥

যদি ত্বং রক্ষসি প্রাণান্ মায়য়া বানরাধম।

তানি তান্যনুরূপাণি বিসৃজন্ বহুশো রণে॥ ৬৪॥

তথাপ্যয়ং ময়া ক্ষিপ্তঃ[১] সায়কোঽস্ত্রাভিমন্ত্রিতঃ।

জীবিতং পরিরক্ষন্তং জীবিতাদ্ ভ্রংশয়িষ্যতি॥ ৬৫॥

এবমুক্ত্বা মহাবাহু রাবণো রাক্ষসাধিপঃ।

সন্ধায় বাণং ধনুষি চমূপতিমতাড়য়ৎ॥ ৬৬॥

সোঽস্ত্রযুক্তেন বাণেন নীলো বক্ষসি তাড়িতঃ।

নির্দহ্যমানঃ সহসা নিপপাত মহীতলে॥ ৬৭॥

৬৩। লো-টী। হে কপে, মায়য়া যুক্তোঽপি তথাপি লাঘবযুক্তোঽসি। মৎকৃতপরাভবযুক্তোঽসি ইতি সিদ্ধবন্নির্দ্দেশঃ।

৬৪-৬৫। লো-টী। কিঞ্চ, যদি যদ্যপি তানি তানি অনুরূপাণি বহুশো বহূনি কর্ম্মাণি বিসৃজন্ কুর্ব্বন্ প্রাণান্ মায়য়া রক্ষসি তথাপি অস্ত্রম্ আগ্নেয়মন্ত্রঃ তেনাভিমন্ত্রিতঃ সায়কঃ জীবিতং জীবনং পরিরক্ষন্তং ত্বাং জীবিতাৎ শরীরাদ্ ভ্রংশয়িষ্যতি নাশয়িষ্যতি।

৬৭। লো-টী। অস্ত্রযুক্তেন আগ্নেয়মন্ত্রযুক্তেন।

তারপর মহাতেজস্বী রাক্ষসরাজ রাবণ বলিলেন—হে বানর, তুমি অতিশয় মায়ার সাহায্যে ক্ষিপ্রতা অবলম্বন করিয়াছ॥ ৬৩॥

হে বানরাধম! যদি তুমি সংগ্রামানুরূপ অন্যান্য উপায় পরিত্যাগ করিয়া মায়ার সাহায্যে প্রাণ রক্ষা করিতে থাক, তথাপি আমার নিক্ষিপ্ত এই আগ্নেয়াস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত শর জীবনরক্ষাপ্রয়াসী তোমার জীবন বিনাশ করিবে॥ ৬৪-৬৫॥

এই বলিয়া মহাবাহু রাক্ষসরাজ রাবণ ধনুকে বাণ যোজনা করিয়া সেনাপতি নীলকে প্রহার করিলেন॥ ৬৬॥

সেই নীল অস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত শরদ্বারা বক্ষঃস্থলে প্রহৃত হইয়া প্রদাহ অনুভব করিতে করিতে সহসা ভূতলে নিপতিত হইলেন॥ ৬৭॥

১। ছ 'মোক্ষ্যন্'।

পিতুর্মাহাত্ম্যযোগেন আত্মনশ্চৈব তেজসা।

জানুভ্যামগমদ্ ভূমৌ ন চ প্রাণৈর্ব্যযুজ্যত ॥ ৬৮ ॥

বিসংজ্ঞং[১] বানরং দৃষ্ট্বা দশগ্রীবো রণোৎসুকঃ[২]।

রথেন মেঘনাদেন সৌমিত্রিং সমুপাদ্রবৎ ॥ ৬৯ ॥

তমাহ সৌমিত্রিরদীনসত্ত্বো বিস্ফারয়ন্তং ধনুরপ্রমেয়ম্।

আগচ্ছ মাং যোধয় রাক্ষসেন্দ্র ন বানরাংস্ত্বং প্রতিযোদ্ধুমর্হসি ॥৭০॥

স তস্য বাক্যং পরিপূর্ণঘোষম্[৩] জ্যাশব্দমুগ্রঞ্চ নিশম্য রক্ষঃ[৪]।

তথেতি সৌমিত্রিমথাভিভাষ্য চুকোপ কোপাদপি চেদমাহ ॥ ৭১ ॥

৬৮। লো-টী। পিতুরগ্নের্মাহাত্ম্যযোগেন প্রভাবেণেত্যর্থঃ।
৭০। লো-টী। অদীনসত্ত্বঃ অদীনচিত্তঃ। ধনুর্বিস্ফারয়ন্তং ধনুষঃ শব্দং কুর্ব্বন্তম্।
৭১। লো-টী। স রাবণো রক্ষ ইত্যন্বয়ঃ। পরিপূর্ণঘোষম্ অকাতরাক্ষরম্, অপি কিঞ্চ।

পিতার (অগ্নির) মাহাত্ম্যবশে এবং স্বীয় তেজঃপ্রভাবে নীল জানু পাতিয়া ভূতলে পতিত হইলেন, প্রাণ হারাইলেন না ॥ ৬৮ ॥

সমরোৎসুক দশানন নীলকে সংজ্ঞাহীন দেখিয়া মেঘের ন্যায় ধ্বনিযুক্ত রথে লক্ষ্মণের দিকে ধাবিত হইলেন ॥ ৬৯ ॥

প্রবল-পরাক্রম লক্ষ্মণ ধনুকধারী রাবণকে বলিলেন—হে রাক্ষসরাজ! এস, আমার সহিত যুদ্ধ কর, তুমি বানরদের সহিত যুদ্ধ করিবার যোগ্য নও ॥ ৭০ ॥

রাক্ষস রাবণ লক্ষ্মণের বাক্য, তাঁহার পূর্ণ কণ্ঠস্বর এবং অত্যুগ্র জ্যানিনাদ শ্রবণ করিয়া "তাহাই হউক" এই বলিয়া ক্রুদ্ধ হইলেন এবং ক্রোধে পুনরায় লক্ষ্মণকে বলিলেন— ॥ ৭১ ॥

১। ছ 'পতিতং'। ২। ছ '-কটঃ'। ৩। ছ 'প্রতি-'। ৪। ছ 'রাক্ষসঃ'।

দিষ্ট্যাসি মে রাঘব চক্ষুষোঽগ্রং[১] প্রাপ্তোঽন্তগামী[২] বিপরীতবুদ্ধিঃ।
অস্মিন্ ক্ষণে যাস্যসি মৃত্যুলোকং সংচ্ছাদ্যমানো মম বাণজালৈঃ ॥৭২॥
তমাহ সৌমিত্রিরবিস্ময়েন গর্জন্তমুগ্রং শরচাপপাণিম্।
রণে ন গর্জন্তি বৃথা হি শূরাঃ কিং কত্থসে প্রাকৃতবৎ ত্বমদ্য ॥ ৭৩ ॥
জানামি বীর্য্যং তব রাক্ষসেন্দ্র তেজশ্চ শক্তিঞ্চ পরাক্রমঞ্চ।
অয়ং স্থিতোঽহং শরচাপপাণিরাগচ্ছ কিং মোঘবিকত্থনেন ॥ ৭৪ ॥
স এবমুক্তঃ কুপিতঃ সসর্জ রক্ষোঽধিপঃ সপ্ত শরান্ সুপুঙ্খান্।
তান্ লক্ষ্মণঃ কাঞ্চনচিত্রপুঙ্খৈশ্চিচ্ছেদ বাণৈর্নি[৩]শিতৈঃ সুপত্রৈঃ[৪] ॥ ৭৫ ॥

৭২। লো-টী। চক্ষুষোঽগ্রং প্রাপ্ত ইতি দিষ্ট্যা মমানন্দঃ। 'শস্ত্রমার্গ'মিতি বা পাঠঃ। অতোঽন্তগামী।

৭৩। লো-টী। অবিস্ময়েন অহঙ্কারব্যতিরেকেণ।

৭৪। লো-টী। মোঘবিকত্থনেন বৃথা আত্মনঃ শ্লাঘনেন।

হে রাঘব, তোমার মরণ আসন্ন, তাই বুদ্ধিবৈপরীত্যে অদৃষ্টক্রমে তুমি আমার চক্ষুর সম্মুখে উপস্থিত হইয়াছ, তুমি আমার শরজালে আচ্ছাদিত হইয়া এখনই মৃত্যুলোকে গমন করিবে ॥ ৭২ ॥

লক্ষ্মণ বিস্মিত না হইয়াই ভীষণ-গর্জ্জনকারী ধনুর্ব্বাণধারী রাবণকে বলিলেন—বীরগণ যুদ্ধে বৃথা আস্ফালন করেন না, তুমি আজ সাধারণ লোকের ন্যায় আত্মশ্লাঘা করিতেছ কেন ? ॥ ৭৩ ॥

হে রাক্ষসরাজ, তোমার বীর্য্য, তেজ, শক্তি ও পরাক্রম জানি, এই আমি ধনুর্ব্বাণ ধারণ করিয়া অবস্থান করিতেছি, তুমি আগমন কর, বৃথা আত্মশ্লাঘায় কি হইবে ? ॥ ৭৪ ॥

রাক্ষসরাজ রাবণ এই কথায় ক্রুদ্ধ হইয়া উত্তম-মূলদেশযুক্ত সাতটী শর নিক্ষেপ করিলেন ; লক্ষ্মণ মূলদেশে সুবর্ণমণ্ডিত উত্তম পক্ষযুক্ত শাণিত বাণদ্বারা সেগুলি ছেদন করিয়া ফেলিলেন ॥ ৭৫ ॥

১। চ 'শস্ত্রমার্গং'। ২। ছ '-নুগামী'। ৩। ছ 'বাণান্ নি-'। ৪। ছ 'সুপুঙ্খৈঃ'।

তান্ প্রেক্ষ্য বাণান্ সহসা নিকৃত্তান্ নিকৃত্তভোগানিব পন্নগেন্দ্রান্।
লঙ্কেশ্বরঃ[১] ক্রোধবশং জগাম সসর্জ চান্যান্ নিশিতান্ পৃষৎকান্ ॥৭৬॥

স বাণবর্ষং[২] তু ববর্ষ তীব্রং রামানুজে[৩] কার্ম্মুকসংপ্রমুক্তম্[৪]।
ক্ষুরার্দ্ধচন্দ্রোপমকর্ণিভল্লৈঃ শরাংশ্চ[৫] চিচ্ছেদ[৬] ন চুক্ষুভে সঃ ॥ ৭৭ ॥

স[৭] বাণজালান্যথ তানি তানি মোঘানি পশ্যংস্ত্রিদশারিরাজা।
বিসিস্মিয়ে লক্ষ্মণলাঘবেন পুনশ্চ বাণান্ নিশিতান্ মুমোচ ॥ ৭৮ ॥

স লক্ষ্মণশ্চাপি[৮] শরান্ শিতাগ্রান্[৯] মহেন্দ্রবজ্রাশনিতুল্যবেগান্[১০]।
সন্ধায় চাপে জ্বলনপ্রকাশান্ সসর্জ রক্ষোঽধিপতের্বধায়[১১] ॥ ৭৯ ॥

৭৬। লো-টী। প্রেক্ষমাণঃ পশ্যন্। 'প্রেক্ষ্য বাণানি'তি বা পাঠঃ। নিকৃত্তান্ ছিন্নান্ নিকৃত্তভোগাংশ্ছিন্নদেহান্। মৌলেরগ্রম্ অগ্রমৌলিঃ চলিতমৌল্যগ্র ইত্যর্থঃ। বজ্রাশনির্বজ্রম্ 'বজ্রং বজ্রাশনিস্তথে'তি দ্বিরূপকোষঃ।

৭৭। লো-টী। স লক্ষ্মণঃ তং বাণবর্ষং রামানুজে স্বস্মিন্ কার্ম্মুকং সগুণং রাবণেন কার্ম্মুকপ্রেরিতং ক্ষুরাদিভিশ্চিচ্ছেদ, অন্যাংশ্চ ক্ষিপ্তান্ শরান্ ধনুশ্চ। 'ববর্ষ তীব্রং' 'ন চুক্ষুভে চ' ইতি চ পাঠে স রাবণঃ ন চুক্ষুভে ক্ষোভং ন প্রাপেত্যর্থঃ।

মাথাকাটা সাপের মত সেই বাণগুলি সহসা কর্ত্তিত দেখিয়া রাবণ ক্রুদ্ধ হইলেন এবং অপর কতকগুলি শাণিত শর নিক্ষেপ করিলেন ॥ ৭৬ ॥

রাবণ লক্ষ্মণের উপর ধনুর্ম্মুক্ত তীব্র শরবৃষ্টি বর্ষণ করিলেন, লক্ষ্মণ বিচলিত না হইয়া ক্ষুর, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণিশর ও ভল্লদ্বারা সেই শরসমূহ ছেদন করিলেন ॥ ৭৭ ॥

রাক্ষসরাজ রাবণ সেই শরসমূহ ব্যর্থ হইল দেখিয়া লক্ষ্মণের ক্ষিপ্রতায় বিস্মিত হইলেন এবং পুনরায় শাণিত শরসমূহ নিক্ষেপ করিলেন ॥ ৭৮ ॥

লক্ষ্মণও ইন্দ্রের ভীষণ বজ্রের ন্যায় বেগশালী অগ্নিতুল্য শাণিতাগ্র শরসমূহ ধনুকে যোজনা করিয়া রাক্ষসরাজের বধার্থে নিক্ষেপ করিলেন ॥ ৭৯ ॥

১। ছ 'ববর্ষ বাণৈশ্চলিতাগ্রমৌলির্মহেন্দ্রবজ্রাশনিতুল্যবেগৈঃ'। ২। ছ '-ধর্ষ'। ৩। ছ '-নুজঃ'। ৪। ছ 'সংপ্রসৃষ্টম্'। ৫। ছ 'শরান্ স'। ৬। ছ 'ততঃ ক্ষণেন'। ৭। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৮। ছ '-স্তাংশ্চ'। ৯। ছ 'সুঘোরান্'। ১০। ছ '-রুদ্রা-'। ১১। অতঃ পরং ছ 'বিপাঠবৈতস্তিকবৎসদন্তৈঃ ক্ষুরার্দ্ধচন্দ্রোত্তমসিংহদন্তৈঃ। শক্ত্যৃষ্টিনারাচশিলীমুখার্দ্ধৈঃ সচ্ছিদ্রসূচীমুখনৈকবক্তৈঃ'॥ ইত্যধিকম্।

স[1] তান্ প্রচিচ্ছেদ নিশাচরেন্দ্রশ্ছিত্ত্বা ততো লক্ষ্মণমাজঘান।
শরেণ কালাগ্নিসমপ্রভেণ[2] স্বয়ম্ভুদত্তেন ললাটদেশে ॥ ৮০ ॥
স লক্ষ্মণো রাবণসায়কার্ত্তশ্চচাল[3] চাপং শিথিলং প্রগৃহ্য।
পুনশ্চ সংজ্ঞাং প্রতিলভ্য কৃচ্ছ্রাচ্চিচ্ছেদ চাপং ত্রিদশেন্দ্রশত্রোঃ ॥৮১॥
তং কৃত্তচাপং ত্রিভিরাজঘান বাণৈস্তদা দাশরথিঃ শিতাগ্রৈঃ।
স সায়কার্ত্তো[4] বিচচাল রাজা কৃচ্ছ্রাচ্চ সংজ্ঞাং পুনরাসসাদ ॥ ৮২ ॥
স কৃত্তচাপঃ শরপীড়িতাঙ্গঃ স্বেদার্দ্রগাত্রো রুধিরাবসিক্তঃ।
জগ্রাহ শক্তিং সমরপ্রচণ্ডাং[5] স্বয়ম্ভুদত্তামথ[6] দেবশত্রুঃ ॥ ৮৩ ॥

৮০। লো-টী। স নিশাচরেন্দ্রস্তান্ শরান্ চিচ্ছেদেতি সার্দ্ধেনান্বয়ঃ। কৈস্তত্রাহ—বিপাঠেতি বিপাঠাদয়োঽস্ত্রবিশেষাঃ। তৈশ্চ কিম্ভুতৈঃ? কর্ণ্যাদিভিঃ সহিতৈঃ ছিদ্রাদিভিঃ সহিতৈশ্চ। স্বয়ম্ভুদত্তেন হ্রস্ব আর্ষঃ।

রাক্ষসরাজ রাবণ সেগুলি ছেদন করিলেন। ছেদন করিয়া তার পর রুদ্রদত্ত কালাগ্নিতুল্য শরদ্বারা লক্ষ্মণের ললাটদেশে আঘাত করিলেন ॥ ৮০ ॥

লক্ষ্মণ রাবণের বাণে পীড়িত হইয়া শিথিলভাবে ধনুক ধারণপূর্ব্বক বিচলিত হইয়া পড়িলেন, তার পর অতিকষ্টে সংজ্ঞালাভ করিয়া রাবণের ধনুকটী ছেদন করিয়া ফেলিলেন ॥ ৮১ ॥

লক্ষ্মণ তাঁহার ধনুক কাটিয়া ফেলিয়া তিনটী শাণিতাগ্র শরদ্বারা তাঁহাকে আঘাত করিলেন। রাবণ সেই শরাঘাতে কাতর হইয়া বিচলিত হইলেন এবং অতি কষ্টে পুনরায় সংজ্ঞালাভ করিলেন ॥ ৮২ ॥

ছিন্নধন্বা রাবণের সর্ব্বাঙ্গ শরাঘাতে ব্যথিত হইল। তাঁহার শরীর স্বেদার্দ্র ও রুধিরধারায় সিক্ত হইল, তার পর তিনি মহাদেবের প্রদত্ত প্রচণ্ড শক্তি গ্রহণ করিলেন ॥ ৮৩ ॥

১। ছ 'তাংস্তু' ২। ছ '-নলসমপ্রভেণ'। ৩। ছ '-শা-'। ৪। ছ 'শায়-'। ৫। ছ 'পরমপ্র-'। ৬। ছ '-ত্তাং যুধি'।

স তাং বিধূমানলসন্নিকাশাং বিত্রাসনীং বানরযূথপানাম্ ।
চিক্ষেপ শক্তিং তরসা জ্বলন্তীং সৌমিত্রয়ে রাক্ষসরাষ্ট্রনাথঃ[১] ॥ ৮৪ ॥

তাং দীপ্যমানাং রঘুনন্দনস্তদা জঘান বাণৈরনলপ্রকাশৈঃ[২] ।
তথাপি সা তস্য বিবেশ শক্তির্ভুজান্তরং[৩] দাশরথের্বিশালা ॥ ৮৫ ॥

শক্ত্যা তয়া তু সৌমিত্রিস্তাড়িতঃ স স্তনান্তরে[৪] ।
বিষ্ণোরচিন্ত্যং স্বং ভাগমাত্মনঃ প্রতিসংস্মরন্[৫] ॥ ৮৬ ॥

বিসংজ্ঞং পতিতং দৃষ্ট্বা সৌমিত্রিং রাক্ষসেশ্বরঃ ।
অবতীর্য্য[৬] রথাৎ তূর্ণমভিদুদ্রাব লক্ষ্মণম্ ॥ ৮৭ ॥

৮৪। লো-টী। বিধূয় ভ্রাময়িত্বা, সৌমিত্রয়ে সৌমিত্রিং হন্তুম্।

৮৫। লো-টী। ভুজান্তরে ভুজমধ্যে।

৮৬। লো-টী। বিষ্ণোঃ স্বং ভাগম্ আত্মনো মম সম্বন্ধিনং প্রতিসংস্মরন্ বিষ্ণোরচিন্ত্যঃ স্বীয়ভাগোঽহমিতি প্রতিসংস্মরতীত্যর্থঃ। তথাপি বিসংজ্ঞমপি। 'আত্মানং প্রতি সংস্মরদি'তি পাঠে আত্মানং প্রতিসংস্মরৎ সংস্মরন্ সংস্মরতীত্যর্থঃ। 'আত্মনঃ প্রত্যপাস্মর'দিতি সার্ব্বজ্ঞঃ পাঠঃ। প্রত্যপাস্মরদ্ বিস্মৃতবান্।

রাক্ষসরাজ রাবণ বানরদলের ভীতিজনক সেই ধূমহীন অগ্নির ন্যায় উজ্জ্বল-প্রভাময়ী শক্তিকে বেগে লক্ষ্মণের প্রতি নিক্ষেপ করিলেন ॥ ৮৪ ॥

তখন লক্ষ্মণ সেই প্রদীপ্ত শক্তিকে অগ্নিতুল্য বাণদ্বারা আঘাত করিলেন, তথাপি সেই বিশাল শক্তি তাঁহার বক্ষঃস্থলে পতিত হইল ॥ ৮৫ ॥

সুমিত্রানন্দন লক্ষ্মণ সেই শক্তিদ্বারা বক্ষঃস্থলে প্রহৃত হইয়া নিজকে বিষ্ণুর অচিন্তনীয় অংশরূপে স্মরণ করিলেন ॥ ৮৬ ॥

রাক্ষসরাজ লক্ষ্মণকে সংজ্ঞাহীন ও নিপতিত হইতে দেখিয়া সত্বর রথ হইতে অবতরণ করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥ ৮৭ ॥

১। ছ '-রাজঃ'। ২। ছ '-প্রতাপৈঃ'। ৩। ছ '-লগ্ন'। ৪। ছ '-তস্চ'। ৫। ছ 'প্রত্যাসংস্মরৎ'। ৬। ছ '-তীর্ণো'।

ততো দানবদর্পঘ্নঃ[১] সৌমিত্রিং দেবকণ্টকঃ।

বিষ্ণোরচিন্ত্যো যো ভাগো মানুষং দেহমাশ্রিতঃ[২] ॥ ৮৮ ॥

সংপীড়য়িত্বা[৩] বাহুভ্যামপ্রভুর্লঙ্ঘনেঽভবৎ[৪]।

তং গৃহীত্বা[৫] স বাহুভ্যাং চিন্তয়ামাস রাবণঃ ॥ ৮৯ ॥

হিমবান্ মন্দরো মেরুঃ কৈলাসো বা মহাগিরিঃ।

শক্যো ভুজাভ্যামুদ্‌বোঢ়ুং[৬] ন ত্বয়ং রাঘবানুজঃ ॥ ৯০ ॥

লক্ষ্মণং তু ততঃ শ্রীমান্ জিঘৃক্ষন্তং স মারুতিঃ।

আজঘানোরসি ব্যূঢ়ে বজ্রকল্পেন মুষ্টিনা ॥ ৯১ ॥

তেন মুষ্টিপ্রহারেণ রাবণো ভীমবিক্রমঃ।

জানুভ্যামগমদ্ ভূমিং মুমোহ চ চচাল চ[৭] ॥ ৯২ ॥

৮৯। লো-টী। পীড়য়িত্বা ধৃত্বা লঙ্ঘনে তোলনে অপ্রভুরসমর্থোঽভবৎ।

৯১। লো-টী। ব্যূঢ়ে বর্ত্তুলে।

তার পর দানবদিগের দর্পহারী দেবকণ্টক রাবণ মনুষ্যদেহাশ্রিত বিষ্ণুর অচিন্তনীয় অংশরূপী লক্ষ্মণকে দুই হাতে জড়াইয়া ধরিয়া উত্তোলিত করিতে পারিলেন না। তখন দুই হাতে লক্ষ্মণকে ধরিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ৮৮ ৮৯ ॥

মেরু, মন্দর, কৈলাস ও মহাপর্ব্বত হিমালয়কেও আমি দুই হাতে উত্তোলন করিতে পারিয়াছি, কিন্তু এই রামের ভ্রাতা লক্ষ্মণকে তুলিতে পারিলাম না! ॥ ৯০ ॥

তার পর হনুমান্ লক্ষ্মণকে লইয়া যাইতে ইচ্ছুক রাবণের বিশাল বক্ষঃস্থলে বজ্রকল্প মুষ্টিদ্বারা প্রহার করিলেন ॥ ৯১ ॥

ভীষণ-পরাক্রমশালী রাবণ সেই মুষ্টিপ্রহারে জানু পাতিয়া ভূতলে পতিত হইলেন এবং মূর্চ্ছিত হইয়া কাঁপিতে লাগিলেন ॥ ৯২ ॥

১। চ '-ঘ্নং'। ২। ক '-মাস্থিতঃ'। ৩। ছ 'তং'। ৪। ছ '-ভ্যাং ন প্রভু-'। ৫। ছ 'স তং গৃহীত্বা'। ৬। ছ '-ভ্যাং সং-'। ৭। অতঃ পরং ছ-পুস্তকে 'আস্যৈঃ সনেত্রশ্রবণৈর্ব্ববাম রুধিরং মুহুঃ।' ইত্যধিকম্।

বিসংজ্ঞং রাবণং দৃষ্ট্বা সমরে ভীমবিক্রমম্ ।
ঋষয়ো দানবাশ্চৈব নেদুর্দেবাশ্চ হর্ষিতাঃ ॥ ৯৩ ॥

হনূমানপি তেজস্বী লক্ষ্মণং শুভলক্ষণম্ ।
আনয়দ্ রাঘবাভ্যাসে[1] বাহুভ্যাং পরিগৃহ্য বৈ[2] ॥ ৯৪ ॥

বায়ুসূনোঃ সুহৃত্ত্বেন ভক্ত্যা পরময়া চ সঃ ।
শত্রূণামপ্রকম্প্যোঽপি লঘুত্বমগমৎ কপেঃ ॥ ৯৫ ॥

[3]তং সমুৎসৃজ্য সা শক্তিঃ সৌমিত্রিং যুদ্ধদুর্মদম্ ।
রাবণস্য রথে তস্মিন্ স্বস্থানং প্রত্যপদ্যত[4] ॥ ৯৬ ॥

রাবণোঽপি মহাতেজাঃ প্রাপ্য সংজ্ঞাং মহাহবে ।
আদদে নিশিতান্ বাণান্ জগ্রাহ চ মহদ্ধনুঃ[5] ॥ ৯৭ ॥

৯৩। লো-টী। হর্ষিতাঃ সাসুরা ইতি বা পাঠঃ।

৯৪। লো-টী। রাঘবাভ্যাসে তৎসমীপে হনুমান্।

৯৫। লো-টী। সুহৃত্ত্বেন সৌহার্দ্দেন, 'সুহৃত্ত্বেনে'তি পাঠে সুহৃৎ সুহৃত্ত্বং তেন কপেঃ সকাশাৎ শত্রূণাং লঘুত্বমল্পত্বম্ অগমৎ জ্ঞাতবান্। স লক্ষ্মণঃ। কপিস্তোলয়িত্বা নিনায়, রাবণস্তোলয়িতুমপি ন শক্ত ইতি লঘুত্বম্। যদ্বা, শত্রূণামকম্প্যোঽচাল্যোঽপি কপেঃ স্থানে লঘুত্বং দাসভাবমগমৎ।

৯৬। লো-টী। শক্তিঃ শক্ত্যধিষ্ঠাত্রী দেবতা, প্রত্যপদ্যত অগমৎ।

ভীষণ-পরাক্রমশালী রাবণকে রণক্ষেত্রে সংজ্ঞাহীন দেখিয়া দেবতা, ঋষি ও দানবগণ আনন্দধ্বনি করিতে লাগিলেন ॥ ৯৩ ॥

তেজস্বী হনুমান্‌ও সুলক্ষণাক্রান্ত লক্ষ্মণকে দুই হাতে তুলিয়া লইয়া রামের নিকট আনয়ন করিলেন ॥ ৯৪ ॥

হনুমানের সৌহার্দ্দ্য ও পরম ভক্তির ফলে তিনি শত্রুর অবিচাল্য হইয়াও তাঁহার নিকট লঘুত্ব প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৯৫ ॥

যুদ্ধে দুর্দ্ধর্ষ লক্ষ্মণকে পরিত্যাগ করিয়া সেই শক্তি পুনরায় রাবণের রথে স্বস্থানে অধিষ্ঠিত হইল ॥ ৯৬ ॥

মহাযুদ্ধে মহাতেজস্বী রাবণও সংজ্ঞালাভ করিয়া শাণিত শর ও বিশাল ধনুক গ্রহণ করিলেন ॥ ৯৭ ॥

১। ছ '-ভ্যাসং'। ২। ছ 'সঃ'। ৩। ছ 'স তমু-'। ৪। ছ 'পুনরাগমৎ'। ৫। ছ অতঃ পরং 'পুনশ্চ স্বরথে স্থিত্বা রোষপর্য্যাকুলেক্ষণঃ'। ইত্যধিকম্।

আশ্বাস্য[১] চ মহাত্মা চ লক্ষ্মণঃ শত্রুসূদনঃ।
বিষ্ণোর্ভাগমচিন্ত্যং স্বং[২] স্মৃত্বা সুস্থতরোঽভবৎ ॥ ৯৮ ॥

এতস্মিন্নন্তরে বীরো দৃষ্ট্বা রাবণবিক্রমম্।
লক্ষ্মণঞ্চ সমাশ্বস্তং সৈন্যঞ্চ মুদিতং পুনঃ ॥ ৯৯ ॥

নিপাতিতমহাবীরাং বানরাণাং মহাচমূম্।
দৃষ্ট্বা রামো রণে তস্মিন্নভিদুদ্রাব রাবণম্ ॥ ১০০ ॥

অথৈনমুপসঙ্গম্য হনূমান্ বাক্যমব্রবীৎ।
মম পৃষ্ঠং সমারুহ্য জহীমং[৩] দুষ্টরাবণম্[৪] ॥ ১০১ ॥

এবমুক্তস্তথেত্যুক্ত্বা সমারূঢ়ঃ প্লবঙ্গমম্।
রাঘবঃ সমরামর্ষী হন্তুকামো নিশাচরম্ ॥ ১০২ ॥

৯৯। লো-টী। বীরোঽভিদুদ্রাবেতি দ্বাভ্যামন্বয়ঃ। নিপাতিতা মহাবীরা যস্যাং তাম্, 'রণে তস্মিন্নি'ত্যাদিস্থানে 'রণগতং প্রত্যাগাদ্রাবণং যুধী'তি ক্বচিৎ পাঠঃ।

১০২-৩। লো-টী। হনুমতা এবমুক্তঃ। 'ঐরাবতমিবেন্দ্রস্য হনুমন্তং সমাস্থিত' ইতি পাঠো

শত্রুনিস্সূদন মহাত্মা লক্ষ্মণও প্রকৃতিস্থ হইয়া নিজকে বিষ্ণুর অচিন্তনীয় অংশরূপে স্মরণ করিয়া সুস্থ হইলেন ॥ ৯৮ ॥

ইত্যবসরে রাবণের বিক্রম দেখিয়া, লক্ষ্মণকে প্রকৃতিস্থ ও সৈন্যদিগকে পুনরায় আনন্দিত দেখিয়া এবং বিশাল বাহিনীর বহুবীর নিহত হইয়াছে দেখিয়া সেই যুদ্ধক্ষেত্রে রাম রাবণের প্রতি ধাবিত হইলেন ॥ ৯৯-১০০ ॥

অনন্তর হনূমান্ রামের নিকটে আসিয়া বলিলেন—"আমার পৃষ্ঠে আরোহণ করিয়া এই দুষ্ট রাবণকে হত্যা করুন" ॥ ১০১ ॥

এই কথায় যুদ্ধার্থে ক্রুদ্ধ রাম রাবণকে বধ করিবার অভিলাষে 'তাহাই হউক' বলিয়া হনূমানের পৃষ্ঠে আরোহণ করিলেন ॥ ১০২ ॥

১। ছ 'আশ্বস্তশ্চ বিশল্যশ্চ'। ২। ক 'স'। ৩। ছ 'পাপরাক্ষসম্'। ৪। ছ অতঃ পরং 'শ্রুত্বা হনুমতো বাক্যং যুক্তং রামোঽনুচিন্ত্য চ' ইত্যধিকম্।

ঐরাবতমিবেন্দ্রঃ স হনূমন্তং সমাস্থিতঃ।

রথস্থং রাবণং সংখ্যে দদর্শ মনুজাধিপঃ॥ ১০৩ ॥

তমালোক্য মহাতেজাঃ প্রদুদ্রাবাথ[১] রাঘবঃ।

বিরোচনমিব ক্রুদ্ধো বিষ্ণুরভ্যুদ্যতায়ুধঃ॥ ১০৪ ॥

জ্যাশব্দমথ কুর্ব্বংশ্চ বজ্রনিষ্পেষনিঃস্বনম্।

গিরা গম্ভীরয়া রামো রাক্ষসেন্দ্রমুবাচ হ॥ ১০৫ ॥

তিষ্ঠ তিষ্ঠ মম ত্বং হি কৃত্বা বিপ্রিয়মীদৃশম্।

কুত্র[২] রাক্ষসশার্দ্দূল গতো মোক্ষমবাপ্স্যসি॥ ১০৬ ॥

যদীন্দ্রবৈবস্বতভাস্করান্ বা স্বয়ম্ভুবৈশ্বানরশঙ্করান্ বা।

গমিষ্যসি ত্বং দশ বা দিশো বা তথাপি মে নাদ্য বিমোক্ষ্যসে ত্বম্ ॥১০৭॥

বিমলবোধীয়ঃ। সমারূঢ়ঃ সন্ সমাস্থিতঃ সম্যক্ স্থিত ইত্যর্থঃ। 'ঐরাবতমিবেন্দ্রঃ স হনূমন্ত'মিতি পাঠঃ ক্বচিৎ।

১০৪। লো-টী। বিরোচনং প্রহ্লাদপুত্রমসুরান্তরং বা।

১০৫। লো-টী। বজ্রনিষ্পেষো বজ্রসংঘট্টজো ধ্বনিস্তস্যেব নিঃস্বনো যস্য তম্।

১০৭। লো-টী। বৈশ্বানরোঽগ্নিঃ, দশধা দিশঃ দশদিশঃ।

ঐরাবতারূঢ় ইন্দ্রের ন্যায় হনুমানের উপর অবস্থিত নরপতি রাম রণক্ষেত্রে রথারূঢ় রাবণকে দর্শন করিলেন॥ ১০৩॥

মহাতেজস্বী রাম তাঁহাকে দেখিয়া ক্রুদ্ধ হইয়া বিরোচনের প্রতি বিষ্ণুর ন্যায় অস্ত্র উত্তোলনপূর্ব্বক ধাবিত হইলেন॥ ১০৪॥

অনন্তর রাম বজ্রনির্ঘোষের ন্যায় জ্যা-আকর্ষণের শব্দ করিয়া গম্ভীরস্বরে রাক্ষসরাজ রাবণকে বলিলেন—॥ ১০৫॥

"থাম থাম, রাক্ষসবীর! আমার এতাদৃশ অপ্রিয় আচরণ করিয়া তুমি কোথায় গিয়া মুক্তি পাইবে?॥ ১০৬॥

যদি তুমি ইন্দ্র,যম, সূর্য্য, ব্রহ্মা, অগ্নি বা মহাদেবের শরণাপন্ন হও, অথবা দশ-

---

১। ছ'-বচ'। ২। ছ'কমু'।

যশ্চৈষ শক্ত্যা নিহতস্ত্বয়াদ্য কৃচ্ছ্রাদ্[1] বিষাদং সহসাভ্যুপেতঃ।
স এব রক্ষোগণমৃত্যুভূতঃ প্রধক্ষ্যতে বৈ তব সৈন্যকক্ষম্ ॥ ১০৮ ॥

রাঘবস্য বচঃ শ্রুত্বা রাক্ষসেন্দ্রো মহাকপিম্।
বায়ুপুত্রং[2] মহাত্মানং বহন্তং রাঘবং রণে ॥ ১০৯ ॥

রোষেণ মহতাবিষ্টঃ পূর্ব্ববৈরমনুস্মরন্।
আজঘান শরৈস্তীক্ষ্ণৈঃ কালানলশিখোপমৈঃ ॥ ১১০ ॥

রাঘবং বহতস্তস্য তাড়িতস্যাপি সায়কৈঃ।
স্বভাবতেজোযুক্তস্য ভূয়স্তেজো ব্যবর্দ্ধত ॥ ১১১ ॥

ততো রামো মহাতেজা রাবণেন কৃতব্রণম্।
দৃষ্ট্বা প্লবগশার্দ্দূলং ক্রোধস্য বশমভ্যগাৎ[3] ॥ ১১২ ॥

১০৮। লো-টী। কৃচ্ছ্রাচ্ছক্তিজনিতদুঃখাৎ বিষাদং মোহং সহসা আপতিতঃ অভ্যুপেতঃ প্রাপ্তঃ। 'বিশালগর্ভ' ইতি পাঠে মহাভিমানঃ। সৈন্যমেব কক্ষঃ শুষ্কতৃণম্।

১১২। লো-টী। কৃতব্রণং কৃতক্ষতম্।

[লো-টী।] বিদ্ধস্তাড়িতোঽপি।

দিকে ধাবিত হইতে থাক, তথাপি আজ আমার নিকট হইতে মুক্তি পাইবে না ॥১০৭॥

আজ যিনি এই তোমার শক্তিপ্রহারে সহসা বিষাদগ্রস্ত হইয়াছেন, সেই লক্ষ্মণই রাক্ষসগণের মৃত্যুরূপী এবং তিনিই তোমার শুষ্কতৃণের ন্যায় সৈন্যসমূহকে দগ্ধ করিবেন" ॥ ১০৮ ॥

রামের কথা শুনিয়া রাক্ষসরাজ রাবণ যুদ্ধে রামচন্দ্রকে বহনকারী পবননন্দন মহাকপি হনুমান্‌কে পূর্ব্বশত্রুতা স্মরণ করিয়া, মহাক্রোধে আবিষ্ট হইয়া কালানল-শিখাসদৃশ তীক্ষ্ণ শরজালে আহত করিলেন ॥ ১০৯-১১ ॥

হনুমান্ স্বভাবতঃ তেজস্বী, তিনি শরদ্বারা প্রহৃত হইলেও রামচন্দ্রকে বহন করিয়া তাঁহার তেজ আরও বর্দ্ধিত হইয়াছিল ॥ ১১১ ॥

রাবণ হনূমানের গাত্রে ক্ষত সৃষ্টি করিয়াছেন দেখিয়া মহাতেজস্বী রাম ক্রুদ্ধ হইলেন ॥ ১১২ ॥

১। ছ 'বিসংজ্ঞাং'। ২। ছ-পুস্তকে ইদমর্দ্ধং পরশ্লোকস্য পূর্ব্বার্দ্ধঞ্চ ন বিদ্যতে। ৩। ছ অতঃ পরং 'হনুমানপি তেজস্বী ব্যবর্দ্ধত মহাবলঃ। বিদ্ধো বেগেন মহতা শরৈরগ্নিশিখোপমৈঃ ॥' ইত্যধিকম্।

তস্যাভিসঙ্গম্য[১] রথং সচক্রং সাশ্বং ধ্বজং চাথ[২] মহাপতাকম্।
ছত্রং[৩] সিতং তস্য সরুক্মদণ্ডং রামঃ প্রচিচ্ছেদ শরৈঃ শিতাগ্রৈঃ ॥ ১১৩ ॥
অথেন্দ্রশত্রুং[৪] তরসা জঘান বাণেন[৫] বজ্রাশনিসন্নিভেন।
ভুজান্তরে ব্যূঢ়সুজাতরূপে[৬] বজ্রী যথেন্দ্রো যুধি দানবেন্দ্রম্[৭] ॥ ১১৪ ॥
যো বজ্রশূলা[৮]শনি[৯]শস্ত্রপাতৈর্ন চুক্ষুভে নাপি চচাল রাজা।
স রামবাণাভিহতো ব্যথার্ত্তশ্চচাল চাপং চ মুমোচ দীনঃ[১০] ॥ ১১৫ ॥
স বিহ্বলং তঞ্চ[১১] সমীক্ষ্য রামঃ সমাদদে দীপ্তমথার্দ্ধচন্দ্রম্।
তেনার্কবর্ণং সহসা কিরীটং চিচ্ছেদ রক্ষোঽধিপতের্মহাত্মা ॥ ১১৬ ॥

১১৩। লো-টী। 'ততো হসম্মস্তে'তি পাঠঃ। 'অস্যাভিসঙ্গম্যে'তি চ ক্বচিৎ। শিতাগ্রৈঃ শাণিতাগ্রৈঃ। 'সুতীক্ষ্ণৈ'রিতি বা পাঠঃ।

১১৪। লো-টী। ব্যূঢ়ে বিস্তীর্ণে সুজাতে কোমলে রূপে রূপবতি চ।

১১৫। লো-টী। বজ্রং চ শূলবৎ অশনিঃ শস্ত্রম্ অশনির্বিদ্যুৎ তদ্বৎ প্রকাশমানম্। যৎ অন্যৎ শস্ত্রঞ্চ তেষাং পাতৈঃ।

অনন্তর রাম সম্মুখে আসিয়া শাণিতাগ্র শরজালে রাবণের অশ্ব ও চক্রসহিত রথ, বিশাল-পতাকাযুক্ত ধ্বজ এবং সুবর্ণ-দণ্ডনিহিত শ্বেত ছত্র ছেদন করিলেন ॥১১৩॥

অনন্তর যুদ্ধে ইন্দ্র যেমন দানবরাজের প্রতি বজ্রাঘাত করিয়াছিলেন, রাম সেইরূপ বজ্রতুল্য শরদ্বারা রাবণের সুন্দর ও বিশাল বক্ষঃস্থলে আঘাত করিলেন ॥ ১১৪ ॥

